


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

শনিবার | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৬৩ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১০ আষাঢ় ১৪৩০ ॥ ০৫ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২৪ জুন ২০২৩






## আওয়ামী লীগের সবচেয়ে বড় অর্জন দেশের স্বাধীনতা



**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'আওয়ামী লীগ ৭৪ বছরের পথ চলায় বাঙালি জাতির সব অর্জনের সঙ্গে জড়িয়ে আছে; যার মধ্যে সবচেয়ে বড় অর্জন জাতির ২-এর পাতায় দেখুন

## বিদেশি শক্তি দেশে গণতন্ত্রের পাঠশালা খুলে বসেছে



**নিজস্ব প্রতিবেদক :** বিদেশি শক্তি বিএনপি-জামায়াতকে সঙ্গে নিয়ে দেশে গণতন্ত্রের পাঠশালা খুলে বসেছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ। গতকাল শুক্রবার আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় এ মন্তব্য করেন তিনি।

## হজ পালনের উদ্দেশ্যে সৌদি গেলেন সেনাপ্রধান



**নিজস্ব প্রতিবেদক :** পবিত্র হজ পালনের উদ্দেশে সৌদি সরকারের আমন্ত্রণে রাষ্ট্রীয় অতিথি হিসেবে সস্ত্রীক সৌদি আরব গেলেন সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। গতকাল শুক্রবার সেনাবাহিনী প্রধান সৌদি আরব গেছেন বলে ২-এর পাতায় দেখুন

# আ.লীগ ক্ষমতায় থাকলে মানুষের ভাগ্যের পরিবর্তন হয় : শেখ হাসিনা

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে মানুষের ভাগ্যের পরিবর্তন হয়। এটা আজ প্রমাণিত সত্য। আওয়ামী লীগ সরকারে থাকলে উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশ প্রতিষ্ঠিত হবে।

গতকাল শুক্রবার আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচির উদ্বোধনকালে এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি বলেন, আওয়ামী লীগ যখন ক্ষমতায় এসেছে, তখনই এ দেশের মানুষের ভাগ্যের পরিবর্তন এসেছে। ২০০৮-এর নির্বাচনে জনগণ ভোট দিয়েছিল, আমরা সরকার গঠন করেছি। ২০১৪ সালের নির্বাচনে জনগণ নৌকায় ভোট দিয়ে আওয়ামী লীগকে আবার ক্ষমতায় আনে। ২০১৮ সালের নির্বাচনে জনগণ আবারও নৌকায় ভোট দিয়ে আমাদের জয়যুক্ত করে।

শেখ হাসিনা বলেন, নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের মধ্য দিয়ে আজ সারা বিশ্বের উন্নয়নের রোল মডেল হিসেবে বাংলাদেশ পরিচিতি লাভ করেছে। বাংলাদেশ উন্নয়নশীল মর্যাদা পেয়েছে।

তিনি বলেন, আওয়ামী লীগ এ দেশের মানুষের প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করে গেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামী লীগ দেশ স্বাধীন করেছে।

আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ আপনাদের খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা দিয়েছে। ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে গেছে। শিক্ষার আলো জ্বলেছে সব ঘরে। তৃণমূল পর্যায় পর্যন্ত স্বাস্থ্যসেবা পৌঁছে গেছে। মানুষের যাতায়াতের সুবিধা করে দিয়েছে। আর্থসামাজিক উন্নয়নের পথে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে।

শেখ হাসিনা বলেন, ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠা করেছি। গ্রাম পর্যায়ে পর্যন্ত ওয়াইফাই কানেকশন দিয়েছি। বাংলাদেশের ২-এর পাতায় দেখুন



## আওয়ামী লীগ যাদের হাত ধরে ৭৪ বছরে



**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী প্রতিষ্ঠা হয় জনগণের মৌলিক অধিকার, বাক-স্বাধীনতা, দল গঠনের স্বাধীনতা, নারী-পুরুষ বৈষম্য এবং সর্বোপরি জনগণের কল্যাণের জন্য এই দলটির আত্মপ্রকাশ ঘটে। এই দলটি শুরু থেকে বিভিন্ন গুণী নেতৃত্ব, মহান ব্যক্তিত্ব পেয়েছে- তার মধ্যে মহান নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অন্যতম।

প্রতিষ্ঠাকালীন সময়ে এই দলটির নেতৃত্বে ছিলেন মওলানা আবদুল হামিদ খান ভাসানী। তার পরবর্তী ছিলেন মওলানা আবদুর রশীদ তর্কবাগীশ।

এর পর স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু আওয়ামী লীগের নেতৃত্ব পায় ১৯৬৬ সনে। ওই সময় সাধারণ সম্পাদক ছিলেন তাজউদ্দিন আহমেদ। পরবর্তীতে বিভিন্ন সময় গুণী লোক এই দলটির সভাপতি হয়েছেন। জাতির পিতার কন্যা জননেত্রী শেখ হাসিনা ১৯৮১ সালে এই দলটির নেতৃত্ব পায়। সেই থেকে দীর্ঘ ৪২ বছর এই দলটিকে যোগ্যতার সাথে নেতৃত্ব দিয়ে যাচ্ছেন। তার দক্ষতার নেতৃত্বে এই দলটি এখন রাষ্ট্র ক্ষমতায় বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে।

## হজ পালনে সৌদি আরবের উদ্দেশ্যে রাষ্ট্রপতির ঢাকা ত্যাগ

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন সৌদি সরকারের রাজকীয় অতিথি হিসাবে পবিত্র হজ পালনে ১০ দিনের সফরে গতকাল সৌদি আরবের (কেএসএ) উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি উড়োজাহাজ (ফ্লাইট নং: বিজি ৩৩১), রাষ্ট্রপতি, তার সহধর্মিণী ড. রেবেকা সুলতানা এবং সফরসঙ্গীদের নিয়ে দুপুর ২.৩০ মিনিটে হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দর (হিসা) ত্যাগ করে।

রাষ্ট্রপতির পরিবারের সদস্যরা ছাড়াও প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান ফজলুর রহমান, বঙ্গভবনের সচিবগণ ২-এর পাতায় দেখুন

## সুইস ব্যাংক থেকে পাচারের টাকা বাংলাদেশিরা নিয়ে যাচ্ছে দুবাইতে

**নিজস্ব প্রতিবেদক :** সুইস ব্যাংকের অর্থ তুলে নিচ্ছে বাংলাদেশিরা। সুইস ব্যাংক ব্যাংক থেকে বিস্ময়কর গতিতে বাংলাদেশিদের আমানত তুলে নেওয়া হচ্ছে। সুইজারল্যান্ডের কর্তৃপক্ষের হিসেব অনুযায়ী মাত্র এক বছরে সুইস ব্যাংকগুলো থেকে ১০ হাজার পাঁচশ সাইত্রিশ কোটি টাকা তুলে নিয়েছেন বাংলাদেশিরা। ২০২১ সালে যেখানে বাংলাদেশিদের আমানত ছিল ৮৭ কোটি এক লাখ সুইস ফ্রাঁ, ২০২২ তা কমে দাঁড়িয়েছে টাকা ৫ কোটি ৫২ লাখ ফ্রাঁ-তে। সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংকের বার্ষিক প্রতিবেদনে এই চিত্র পাওয়া যায়। প্রশ্ন উঠেছে যে, এই ১০ হাজার পাঁচশ সাইত্রিশ কোটি টাকা কোথায় গেল। সুইজারল্যান্ড ২-এর পাতায় দেখুন

## কাল থেকে হজ শুরু

**নিজস্ব প্রতিবেদক :** ইসলামের পঞ্চম স্তম্ভ হজের বার্ষিক আনুষ্ঠানিক কার্যক্রম রোববার থেকে শুরু হবে। সারা বিশ্বের ২০ লাখের বেশি ধর্মপ্রাণ মুসলমান এই হজ অনুষ্ঠানে যোগ দেবেন বলে আশা করা হচ্ছে। করোনাভাইরাস মহামারী সৌদি কর্তৃপক্ষকে এই হজ আয়োজনের আকার কমাতে বাধ্য করার পর থেকে এটিই হবে সবচেয়ে বড় হজ অনুষ্ঠান।

সরকারী পরিসংখ্যান অনুসারে, ২০২২ সালে ৯,২৬,০০০ এরও বেশি লোক হজ পালন করেছে। এর আগের বছর প্রায় ৫৯,০০০ জন হজ পালন করেছেন। করোনা মহামারির আগে ২০১৯ সালে প্রায় ২৫ লাখ লোক হজ পালন করেছে। কোভিড-১৯ বিধিনিষেধ সম্পূর্ণভাবে তুলে নেয়া হয়েছে এবং বয়সের সীমা বাতিল করা হয়েছে। এতে এবারের ২-এর পাতায় দেখুন

## কার পক্ষে খেলছেন নুর

**নিজস্ব প্রতিবেদক :** নুরকে নিয়ে রাজনীতির রহস্য ক্রমশ ঘনীভূত হচ্ছে। বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত দাবি করেছেন যে, তাদের কাছে একাধিক ছবি এসেছে যে ছবি প্রমাণ করে নুরের সঙ্গে ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এসব বৈঠকগুলো ভারত, কাতারসহ আরও একটি দেশে অনুষ্ঠিত হয়েছে বলে ফিলিস্তিনি রাষ্ট্রদূত দাবি করেন। একজন কূটনীতিক যখন এরকম দাবি করেন তখন তাকে উড়িয়ে দেওয়ার কোনো বিষয় নেই। যদিও নুর আনুষ্ঠানিকভাবে এই বক্তব্যকে প্রত্যাখ্যান করেছেন। তিনি ফিলিস্তিনি রাষ্ট্রদূতের বক্তব্যকে অস্বীকার করেছেন। কিন্তু বিষয়টি কোনোভাবেই হালকাভাবে দেখার উপায় নেই।

নুরের রাজনীতিতে আসা থেকে শুরু করে প্রতিটি কর্মকাণ্ড রহস্যময়। তার ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে নানা কর্মসূচীর মধ্য দিয়ে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত



**নিজস্ব প্রতিবেদক-** নানা কর্মসূচীর মধ্য দিয়ে ঝিনাইদহে পালিত হয়েছে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে শুক্রবার সকাল সাড়ে ৬ টায় জেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। সেখান থেকে একটি র‌্যালী বের হয়। র‌্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়। পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে দলটির নেতাকর্মীরা। সেসময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সহ-সভাপতি শফিকুল ইসলাম অপু, সাংগঠনিক সম্পাদক আছাদুজ্জামাদ আছাদ, সদর উপজেলা চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. আব্দুর রশিদ. জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক এ্যাড. ইসমাইল হোসেন, দপ্তর সম্পাদক এ্যাড. বিকাশ কুমার ঘোষ, পৌর আওয়ামী লীগের ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে ২ দিন ব্যাপী ফুল মেলা শুরু

**নিজস্ব প্রতিবেদক :** আধুনিক প্রযুক্তির মাধ্যমে ফুল ব্যবসার সম্প্রসারণ ও ইকোলজিক্যাল ফার্মিং এর লক্ষ্যে ঝিনাইদহে ২ দিন ব্যাপী ফুল মেলা শুরু হয়েছে। শুক্রবার দুপুরে সদর উপজেলার গান্না সরকারি প্রাথমি বিদ্যালয় মাঠে পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন ২-এর পাতায় দেখুন

## আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র‌্যালী



**মেহেরপুর প্রতিনিধি:** নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। প্রতিষ্ঠা বার্ষিকীতে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও বর্ণাঢ্য র‌্যালী করা হয়েছে। শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র‌্যালী বের করা হয়। র‌্যালীটি ড.সামসুজ্জোহা নগর উদ্যান থেকে শুরু হয়ে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় ফরহাদ হোসেন বলেন, ২০০৯ থেকে ২০২৩ ২-এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা দলীয় নেতৃবৃন্দকে সাথে নিয়ে শুক্রবার ঢাকার ধানমন্ডি ৩২ নম্বরে আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ শেষে নীরবে দাঁড়িয়ে থাকেন।

## পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে বাকবিতন্ড, প্রাণ গেল বিএনপি নেতার

**কোটচাঁদপুর প্রতিনিধি :** ঝিনাইদহের কোটচাঁদপুরে চায়ের দোকানে পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে বাকবিতন্ডে আরজান মন্ডল (৪৫) নামে এক বিএনপি নেতার মৃত্যু হয়েছে। শুক্রবার সকালে উপজেলার গরসুতি গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আরজান মন্ডল উপজেলার দোড়া ইউনিয়নের রুপরপুর গ্রামের মৃত দাউদ মন্ডলের ছেলে। পরিবার সূত্রে জানা যায়, শুক্রবার সকালে পেশায় আরজান মন্ডল পার্শ্ববর্তী গরসুতি বাজারের একটি কাঠের ফার্নিচারের দোকানে কাজে যায়। সেখানে আবু তালেবের চায়ের ২-এর পাতায় দেখুন



## শৈলকুপার বগুড়া ইউনিয়নে ভিজিএফ'র চাল ও টিসিবি'র পণ্য বিতরণ

**সাকিবুল হাসান অন্তর :** ঝিনাইদহের শৈলকুপার বগুড়া ইউনিয়ন ভিজিএফ এর চাল ও টিসিবি এর পণ্য বিতরন করা হয়েছে। শুক্রবার ঈদুল আযাকে সামনে রেখে ভিজিএফ এর চাল ও টিসিবি পণ্য বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন ঝিনাইদহ ১ শৈলকুপা আসনের ২-এর পাতায় দেখুন

## শৈলকুপার বগুড়া ইউনিয়নের দলীয় নেতাকর্মীদের সাথে মতবিনিয় করলেন জিসান হাই



**সাকিবুল হাসান অন্তর :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নে আগামী সংসদ নির্বাচনকে সামনে রেখে দলীয় নেতাকর্মীদের সাথে মতবিনিয় করেন ঝিনাইদহ ১ শৈলকুপা আসনের সংসদ সদস্য আব্দুল হাই এমপি সুযোগ্য পুত্র ব্যারিস্টার জিসান হাই। শুক্রবার নাগিরহাট স্কুল মোড়ে এ মতবিনিময় সভা করেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন বগুড়াা ইউনিয়নের চেয়ারম্যান জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, ঝিনাইদহ জেলা ছাত্রলীগ সাবেক সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল ,শৈলকুপা উপজেলা ২-এর পাতায় দেখুন



## মাগুরায় আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আজ শুক্রবার মাগুরা জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে সকাল ৯ টায় জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। পতাকা উত্তোলন শেষ দলীয় কার্যালয়ে ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত



**চুয়াডাঙ্গা থেকে শেখ সেলিম ও এম এ মতিন :** গতকাল চুয়াডাঙ্গায় আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। সকাল সাড়ে ৬টায় জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে দিনের কার্যক্রম শুরু হয়। এসময় জাতীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন ও দলীয় পতাকা উত্তোলন করেন জেলা আওয়ামী লীগের সাবেকসহ-সভাপতি নাসির উদ্দিন। পরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করেন জেলা আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগসহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। এরপর এক বর্ণাঢ্য র‌্যালি শহরের প্রধান-প্রধান সড়ক প্রদক্ষিন শেষে জেলা আওয়ামী লীগের কার্যালয়ে এসে শেষ হয়। এরপর দোয়া ও দোয়ার পর সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

শনিবার ২৪ জুন ২০২৩




লোডশেডিংয়ের প্রতিবাদ, নিত্যপণ্যের দাম কমানো, সরকার পদত্যাগসহ ১০ দফা দাবিতে ঢাকার শাহজাদপুরের সুবাস্তু টাওয়ারের সামনে জাতীয়তাবাদী শ্রমিক দল মহানগর উত্তরের উদ্যোগে শ্রমিক-কর্মচারী সমাবেশে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর প্রধান অতিথির বক্তব্য রাখেন।

## রেল সচিবের বেনাপোল রেলস্টেশন পরিদর্শন

**নিজস্ব প্রতিবেদক :** বেনাপোল রেলস্টেশন পরিদর্শন করেছেন বাংলাদেশ রেলওয়ে অধিদফতরের সচিব হুমায়ন কবির। তিনি গতকাল শুক্রবার সকাল ১১ টার দিকে এই পরিদর্শনে আসেন।

আগামী ২০২৪ সালের মধ্যে পদ্মাসেতু হয়ে বেনাপোল ঢাকা রুটে যাত্রীবাহী ট্রেন চলাচল শুরু হবে বেনাপোল রেলওয়ে স্টেশন পরিদর্শনকালে এ কথা বলেন রেলওয়ে সচিব হুমায়ন কবির। তিনি আরও বলেন,বেনাপোল রেলওয়ে স্টেশনকে আধুনিকায়ন ও উন্নয়নমুলক কর্মকান্ড সম্প্রসারন করা হবে। পাশাপাশি যাত্রী সেবার মান বাড়ানোর লক্ষে যাত্রী বিশ্রামগার নির্মাণ করা হবে। বহিরাগতরা ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন



**মেহেরপুর প্রতিনিধি :** জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণের মধ্য দিয়ে মেহেরপুরে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে শুক্রবার সকাল ৯ টার দিকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনের সামনে জাতীয় সংগীতের সাথে সাথে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন জেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ। পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দীন আহম্মেদ চুন্নু জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন। এসময় সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ২-এর পাতায় দেখুন

## ইবিতে সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে ঈদ উপহার বিতরণ

**মোতালেব বিশ্বাস, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ের সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে। আজ শুক্রবার (২৩ জুন) বিশ্ববিদ্যালয়ে কাম ফর রোড চাইল্ড (সি আর সি) ইবি শাখা কতৃক বিশ্ববিদ্যালয় পার্শ্ববর্তী এলাকায় প্রায় ৪৩ জন সুবিধাবঞ্চিত শিশুর মাঝে এ ঈদ উপহার বিতরণ করা হয়। উপহার সামগ্রীর মাঝে ছিলো ২-এর পাতায় দেখুন

## অবশেষে ঘুম ভেঙ্গেছে বঙ্গজের

**নিজস্ব প্রতিবেদক :** শেয়ারবাজারে তালিকভুক্ত খাদ্য খাতের কোম্পানি বঙ্গজের অস্বাভাবিক শেয়ারদর বৃদ্ধির পেছনে কোনো মূল্য সংবেদনশীল তথ্য নেই। কোম্পানিটির শেয়ারদর অস্বাভাবিকভাবে বৃদ্ধির কারণ জানতে চাইলে কোম্পানিটি এমনটিই জানিয়েছে ডিএসইকে। সোমবার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে।

সম্প্রতি কোম্পানিটির শেয়ারদর অস্বাভাবিকভাবে বৃদ্ধির কারণে ডিএসই কোম্পানিটির কাছে কারণ জানতে নোটিস পাঠায়। জবাবে কোম্পানিটি জানায়, কোনো অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্য ছাড়াই কোম্পানিটির শেয়ারদর বাড়ছে।

ডিএসইতে গত ২৯ মে বঙ্গজের শেয়ারদর ছিল ১২৪ টাকা ৮০ পয়সা। ১৩ জুন কোম্পানিটির শেয়ারদর বেড়ে দাঁড়ায় ১৬৭ টাকা ২০ পয়সা। এই সময়ে শেয়ারটির দর বেড়েছে ৪২ টাকা ৪০ পয়সা বা ৩৪ শতাংশ। কোনো কারণ ছাড়া এভাবে শেয়ারদর বাড়াকে অস্বাভাবিক বলে মনে করছে ডিএসই কতৃপক্ষ।

এর আগে ১৪ জুন শেয়ারদর বৃদ্ধির কারণ জানতে চেয়ে বঙ্গজকে একটি চিঠি দিয়েছিল ডিএসই কর্তৃপক্ষ। সেই চিঠির কোনো সাড়া দেয়টি কোম্পানিটি, সোমবার ডিএসই এ তথ্যও জানায়।

## খুলনা জেলা প্রশাসকের মায়ের মৃত্যুতে শোক

**নিজস্ব প্রতিবেদক :** খুলনা জেলার জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট খন্দকার ইয়াসির আরেফীন এর মমতাময়ী মাতা হোসনে আরা খানম (৭৪) গতকাল শুক্রবার দিবাগত রাত ১২.০৩ মিনিটে বার্ধক্যজনিত কারণে রাজশাহী মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জামালপুর জিলা স্কুলের প্রাক্তন শিক্ষক হোসনে আরা খানম একজন মহীয়সী ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে ৫ দিন ব্যাপী প্রযোজনা ভিত্তিক নাট্য ও নৃত্য কর্মশালা শুরু

নিজস্ব প্রতিবেদক : দুই বাংলার সাংস্কৃতিক বিনিময় ও সম্প্রীতির মেলবন্ধন করতে ঝিনাইদহে শুরু হয়েছে ৫ দিন ব্যাপী প্রযোজনা ভিত্তিক নাট্য ও নৃত্য কর্মশালা। শুক্রবার সকালে শহরের প্রান্তিক শিশু পল্লী পার্কে অংকুর নাট্য একাডেমীর আয়োজনে এ কর্মশালার উদ্বোধন করা হয়। অংকুর নাট্য একাডেমীর আজীবন সদস্য সাইফুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুরে আওয়ামী লীগের ৭৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

**আবুল হাসান, কোটচাঁদপুর :** ঝিনাইদহের কোটচাঁদপুরে আওয়ামী লীগের ৭৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে। শুক্রবার বিকেলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা ও ইউনিয়ন থেকে আগত আওয়ামী লীগ ও এর সকল সহযোগী অঙ্গ সংগঠনের নেতা কর্মীসহ কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ। কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি র সভাপতিত্বে সাধারণ সম্পাদক শাহাজান আলীর তত্বাবধায়নে অনুষ্ঠিত আলোচনা সভায় উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় নানা কর্মসূচীর মধ্য দিয়ে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত



**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** নানা কর্মসূচীর মধ্য দিয়ে ঝিনাইদহের শৈলকুপায় পালিত হয়েছে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে শুক্রবার সকাল সাড়ে ৮ টায় উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা এবং দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। কার্যালয়ের সামনে থেকে একটি র‍্যালী বের হয়। র‍্যালীটি পৌর শহরের বিভিন্ন সড়ক ঘুরে কবিরপুর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অপর্ণ করে দলটির নেতাকর্মীরা। সেখানে নেতা কর্মীদের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন, পৌর কমিটির নবনির্বাচিত সাধারণ সম্পাদক শিকদার ওয়াহিদুজ্জামান ইকু। সেসময় উপজেলা আওয়ামী লীগের নবনির্বাচিত সভাপতি মতিয়ার রহমান বিশ্বাস, সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ, সিনিয়র যুগ্ম সম্পাদক রেজাউল ইসলাম রাজু, ২-এর পাতায় দেখুন



## মহেশপুরে নানা আয়োজনে আওয়ামীলীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**মো ঃ আজাদ :** ঝিনাইদহের মহেশপুরে নানা কর্মসূচির মধ্য দিয়ে ঝিনাইদহের মহেশপুরে পালিত হয়েছে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে শুক্রবার সকালে উপজেলা আওয়ামীলীগের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিত্বে পুষ্পমাল্য অর্পনসহ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে দলীয় কার্যালয়ে উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল। অলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে ভাষা উৎসব অনুষ্ঠিত



**মেহেরপুর প্রতিনিধি:** গাংনী গণিত পরিবার আয়োজিত মেহেরপুর জেলাব্যাপী ভাষা উৎসব অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত একযোগে মেহেরপুর সরকারী মহিলা কলেজ, মুজিবনগর সরকারি কলেজ, গাংনী মহিলা কলেজ, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে এ উৎসবের পরীক্ষা অনুষ্ঠিত হয়। আয়োজক সূত্রে জানা গেছে, জুনিয়র গ্রুপে ৬ষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত এবং সিনিয়র গ্রুপে নবম ও দশম শ্রেণি ভাষা উৎসবে অংশগ্রহণ করে। শিক্ষার্থীদের ভাষা জ্ঞান বৃদ্ধি ও যে কোন প্রতিযোগিতামুলক পরীক্ষায় অংশগ্রহণের দক্ষতা বৃদ্ধির জন্য জেলার প্রায় ৩৫০ জন শিক্ষার্থী এ উৎসবে অংশগ্রহণ করে। অত্যান্ত কঠোর মান নিয়ন্ত্রণ করে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। গাংনী গণিত পরিবারের সভাপতি সাঈফ ২-এর পাতায় দেখুন



## হরিণাকুণ্ডুতে আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

**হরিণাকুন্ডু প্রতিনিধি : ঝিনাইদহের হরিণাকুন্ডুতে আওয়ামী লীগের ৭৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।** শুক্রবার সকালে হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয় জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে। দিনশেষে বিকাল ৫ ঘটিকায় উপজেলা দোয়েল চত্বরে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় প্রধান অতিথি ২-এর পাতায় দেখুন

## প্রতারক আদম ব্যবসায়ীর বিচারের দাবীতে বিক্ষোভ ও মানববন্ধন

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা সদর উপজেলার ভুলটিয়া গ্রামের আব্দুল জলিল ও তার পিতা ইসলাম উদ্দিনের বিরুদ্ধে বিদেশে লোক পাঠানোর নামে প্রতারণা ও নির্যাতনের অভিযোগ তুলে মানববন্ধন ও বিক্ষোভ করেছে গ্রামবাসী। শতাধিত নারী-পুরুষ শুক্রবার সকালে গ্রামের রাস্তায় নেমে প্রতিবাদে অংশ নেয়। আন্দোলনকারীদের অভিযোগ আব্দুল জলিল ও তার পিতা ইসলাম উদ্দিন একাধিক ব্যক্তিকে বিদেশে পাঠানো ও বিদেশে অবস্থানরতদের বৈধতার কাগজ করে দেয়ার নামে প্রতারণা করেছেন। এ ঘটনায় এক ভুক্তভোগীর স্ত্রী-সন্তান তাদের পাওনা টাকা ফেরত চাইতে গিয়ে মারধোর ও লাঞ্ছনার শিকার হয়েছেন।



মানববন্ধনে গ্রামের সাজু আহমেদ সজল অভিযোগ করেন, সৌদি প্রবাসী আব্দুল জলিল ও তার পিতার প্রলোভনে পরে ৬ লাখ ২০ হাজার টাকা দিয়ে সৌদি যান তিনি। পরে সেখানে তাকে কোনো কাজ না দিয়ে মরুভূমিতে আটকে রেখে নির্যাতন করে এবং বাড়তি টাকা দাবী করে। এক পর্যায়ে তিনি বাড়িতে যোগাযোগ করে পরিবারের পাঠানো টাকায় দেশে ফিরে আসেন। গ্রামের মো. জুলহাসের স্ত্রী বিলকিস খাতুন বলেন, তার স্বামীও সৌদী আরবে আছেন। অনুমান আড়াইমাস আগে ২-এর পাতায় দেখুন



## কোটচাঁদপুরে চাচার আলমসাধুর ধাক্কায় ভাতিজার মৃত্যু

কোটচাঁদপুর প্রতিনিধি : ঝিনাইদহের কোটচাঁদপুরে চাচার আলমসাধুর ধাক্কায় ভাতিজা হুজাইফা নামে ২২ মাসের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। শুক্রবার সকালে উপজেলার জালালপুর গ্রামে এ দূর্ঘটনা ঘটে।

স্থানীয় ইউপি চেয়ারম্যান শাহারুজ্জামান সবুজ জানান, শুক্রবার সকালে শিশুটির চাচা আলমসাধু চালক শিপন গাড়ি নিয়ে বাড়িতে ফিরছিল। এসময় বাড়ির পাশে আলমসাধু রাখতে গিয়ে ২-এর পাতায় দেখুন

## গাংনীতে কুকুরের কামড়ে ৪ জন জখম

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীতে কুকুরের কামড়ে বৃদ্ধ ও শিশুসহ ৪জন জখম হয়েছে। জখমকৃতদের স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নেয়। শুক্রবার দুপুরে গাংনী পৌর এলাকার শিশিরপাড়া ও চৌগাছা গ্রামে এ ঘটনা ঘটে। আহতরা হলেন-পৌরসভার চৌগাছা গ্রামের পচা মন্ডল (৭৫), মুজাহিদ ইসলাম (২), রাইহান হোসেন (৬) ও শিশিরপাড়া গ্রামের সামিউল (৪)। জখমকৃত পচা মণ্ডল জানান, তার নাতি মুজাহিদসহ কয়েকজন শিশু খেলা করছিল। এসময় কুকুরের দল তাদের উপর আক্রমণ করে এবং কয়েকটা কুকুর নাতি মুজাহিদকে কামড় ২-এর পাতায় দেখুন




দেশি ফলে সম্ভার ও জমকালো বাউল গানের আয়োজনে উৎসব মুখর ছিল জাতীয় প্রেস ক্লাব। ফল উৎসব উপলক্ষে সমবেত হয়েছিলেন ক্লাবের সদস্য ও তাদের পরিবার। প্রায় ৪০ ধরনের দেশি ফলের আয়োজন করা হয়। শুক্রবার জাতীয় প্রেস ক্লাবের ফল উৎসবে গান পরিবেশন করেন পল্লী বাউল সমাজ উন্নয়ন সংস্থার শিল্পী নয়ন বাউল ও তার দল।



## হরিণাকুন্ডুর তাহেরহুদা ইউপিতে ভিজিএফ'র চাউল বিতরণ

**মোঃ আবু সাইদ,হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুর উপজেলার তাহেরহুদা ইউনিয়নে ৩ হাজার ৬ শত ১২ জন অসহায় গরিব ও দুস্থদের মাঝে ভিজি এফ এর চাল বিতরণ করা হয়েছে। ইউপি চেয়ারম্যান মনজুর রাশেদ তাদের হাতে চাল তুলে দেন। জনপ্রতি ১০ কেজি চাউল খাদ্যসামগ্রী হতদরিদ্রদের পরিবারের মাঝে প্রদান করা হয়। এসময়ে উপস্থিত ছিলেন,তাহেরহুদা ইউপি চেয়ারম্যান মনজুর রাশেদ, ট্যাগ ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গাতে আওয়ামীলীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**আলমডাঙ্গা অফিস ঃ** আলমডাঙ্গাতে বর্ণাঢ্য আয়োজনে বাংলাদেশ আওয়ামীলীগের ৭৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। শুক্রবার (২৩ জুন) বিকালে দিবসটি উদযাপন উপলক্ষে উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে উপজেলা মঞ্চ প্রাঙ্গণে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন প্রধান অতিথি জেলা আওয়ামীলীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমি।এ সময় তিনি বলেন ১৯৪৯ সালের এই দিনে আওয়ামীলীগ প্রতিষ্টিত হয়েছিল।আমরা বঙ্গবন্ধুর আদর্শের সৈনিক আমরা কারো কাছে মাথা নত করতে শিখিনি।পাকিস্থানীদের কাছে বঙ্গবন্ধু মাথানত করেন নি।তার সুযোগ্য কন্য জননেত্রী শেখ হাসিনা বলেছেন কারো চাপের মুখে মাথা নত করার সময় আমার নেই।তিনি বলেছেন আজ বিএনপি জামাত সকলে আমেরিকা, ইউরোপের কাছে তদবির করছে তাদের ক্ষমতায় বসিয়ে দিতে হবে।কিন্ত আমাদের একটাই কথা ক্ষমতায় বসানোর মালিক আল্লাহ,এবং আপনারা যারা জনগন আমাদের ভোট দিয়ে ক্ষমতায় বসিয়েছেন।আমরা তাদের কাছে তদবির করছি।নির্বাচন যথাসময়ে হবে বলেছেন প্রধান মন্ত্রী শেখ হাসিনা।আমি ২-এর পাতায় দেখুন





## মুজিবনগরে আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে পুষ্পমাল্য অর্পণ


**মুজিবনগর প্রতিনিধি:** বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষ্যে মুজিবনগর কমপ্লেক্সে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে। মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে শুক্রবার সকালে উপজেলা আওয়ামী লীগ ও অন্যান্য সংগঠনের নেতুবৃন্দরা পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় উপজেলা আওয়ামীলীগ সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে ফুল দিয়ে শ্রদ্ধা জানান সাধারন সম্পাদক আবুল কালাম, ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে মৌসুমে ফল প্রতারক চক্রের ৪ সদস্য গ্রেফতার

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে মৌসুমি ফল প্রতারক চক্রের ৪ সদস্য গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার রাতে ঢাকা ও মানিকগঞ্জ থেকে তাদের গ্রেফতার করা হয়। শুক্রবার সকালে সংবাদ সম্মেলনে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, ঝিনাইদহ সদর থানায় আম ব্যবসায়ী শাহাদাৎ হোসেন বাদী হয়ে গত ১৯ জুন মামলা করে যার নং-৪২,ধারা-৪০১/৪২০ পেনাল কোড। মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই(নিঃ) ফরিদ হোসেন একটি অভিযানীক টিম নিয়ে ঢাকার বাবু বাজারের পাশে কদমতলীতে অভিযান চালিয়ে প্রতারক চক্রের সদস্য ঝিনাইদহের আরাবপুর পূর্বপাড়া এলাকার আবেদ আলীর পুত্র শেখ সাদি ওরফে সাদেক (৪০)কে গ্রেফতার করে। তার তথ্য মতে রাজশাহী জেলার বানেশ্বর এলাকা থেকে প্রতারক চক্রের মূলহোতা মানিকগঞ্জ জেলার শিবালয় থানার দক্ষিন তেওতা এলাকার মৃত.কফিল উদ্দীন খার পুত্র আব্দুর রহিম মুন্সি(৪৬) সহ তার দুই সদস্যকে আম বহনকারী পিকআপসহ গ্রেফতার করে। বাকী দুই সদস্য হলেন-মানিকগঞ্জ সদর থানার ডাউটিয়া এলাকার মন্টু মিয়ার পুত্র ড্রাইভার রাকিব হোসেন(২৪) ও একই এলাকার মনু মিয়ার পুত্র জীবন (২০) কে ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : *আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)* সম্পাদক ও প্রকাশক : *আলী কদর পলাশ,* ভারপ্রাপ্ত সম্পাদক : *তানভীর হাসান (জিসান হাই)*,ব্যবস্থাপনা সম্পাদক : *আশরাফুল আলম চঞ্চল,* নির্বাহী সম্পাদক : *তুহিন আরণ্য*
*সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ* কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। *ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।*। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ *বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮*




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### সাগর-রুনি হত্যারহস্য

# অমীমাংসিত রাখার কোনো সুযোগ নেই

১১ বছর পেরিয়ে গেলেও সাগর-রুনি হত্যাকাণ্ডের তদন্ত তিমিরেই রয়ে গেল। খুনিরা রয়েছে অধরা। ৯৯ বার পেছাল সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্ত প্রতিবেদন জমা দেয়ার তারিখ। প্রতিবেদন দাখিলের পরবর্তী দিন ধার্য করা হয়েছে আগামী ৭ আগস্ট। গতকাল বৃহস্পতিবার মামলাটির তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দিন ধার্য ছিল। কিন্তু এ দিন মামলার তদন্ত সংস্থা র‌্যাব প্রতিবেদন দাখিল করেনি। এ হত্যার ঘটনায় এ পর্যন্ত কাউকে শনাক্ত করা যায়নি। এ হত্যাকাণ্ডের ঘটনার দীর্ঘ সময়ে তদন্তে অগ্রগতি না থাকায় দুটি পরিবারে বিচার পাওয়া নিয়ে সন্দেহ তৈরি হওয়া অস্বাভাবিক নয়। মর্মান্তিক এ হত্যাকাণ্ডের পর খুনি ধরতে স্বরাষ্ট্রমন্ত্রীর আল্টিমেটাম, বিচার দাবিতে সাংবাদিক সমাজের আন্দোলনে কোনো ফল হয়নি। দীর্ঘ সময়ে হত্যার রহস্য উদঘাটন করতে পারেনি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। এ হত্যাকাণ্ডের রহস্যময়তা দেশের আইন প্রয়োগকারী সংস্থাগুলোর বিরাট ব্যর্থতার নজির বলা যায়। মামলাটি বর্তমানে র‌্যাবের দায়িত্বে এবং ওই বিশেষ বাহিনীও হত্যারহস্য উন্মোচনে ব্যর্থ। এত সব ব্যর্থতার দায়ভার কোনো না কোনোভাবে সরকারের ওপরই বর্তায়। র‌্যাব বলছে, সাগর-রুনির হত্যায় জড়িত সুনির্দিষ্ট কারো পরিচয় এখনো জানা যায়নি। যুক্তরাষ্ট্রে পাঠানো আলামতের সূত্র ধরে অজ্ঞাত যাদের ডিএনএ প্রোফাইল মিলেছিল, সেসবের মাধ্যমে জড়িতদের চেহারা শনাক্ত করার চেষ্টা চলছে। নতুন একটি প্রযুক্তি দিয়ে ডিএনএ নমুনার সূত্র ধরে সংশ্লিষ্ট ব্যক্তির চেহারা সম্পর্কে ধারণা পাওয়া যায়। অনেক প্রতীক্ষার পর যুক্তরাষ্ট্রের পরীক্ষাগার থেকে ডিঅক্সিরাইবোনিউক্লিক অ্যাসিড (ডিএনএ) পরীক্ষার রিপোর্টগুলো হাতে পেয়েছে এলিট ফোর্স র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)। রিপোর্ট ও অপরাধচিত্রের প্রতিবেদন (ক্রাইম সিন রিপোর্ট) পর্যালোচনায় দুজনের ডিএনএর পূর্ণাঙ্গ প্রোফাইল পেলেও সন্দেহভাজন খুনি শনাক্ত হয়নি। দুই পরিবারের দাবি, অজ্ঞাতনামা অনেক দিন ধরেই শুনছি। এখন আসল খুনির চেহারা দেখতে চাই। আমরাও এই হত্যাকাণ্ডের কূলকিনারা দেখতে চাই। ২০১২ সালের ১১ ফেব্রুয়ারি রাজধানীর পশ্চিম রাজাবাজারে ভাড়া বাসা থেকে উদ্ধার করা হয়েছিল মাছরাঙা টেলিভিশনের বার্তা সম্পাদক সাগর সরওয়ার এবং এটিএন বাংলার জ্যেষ্ঠ প্রতিবেদক মেহেরুন রুনির ক্ষতবিক্ষত লাশ। ওই সময় বাসায় ছিল তাদের একমাত্র সন্তান পাঁচ বছর বয়সি মাহির সরওয়ার মেঘ। ঘটনাস্থলে গিয়ে তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী সাহারা খাতুন বলেছিলেন, '৪৮ ঘণ্টার' মধ্যে খুনিদের গ্রেপ্তার করা হবে। দুই দিন পরে তৎকালীন আইজিপি হাসান মাহমুদ খন্দকার বলেছিলেন, 'প্রণিধানযোগ্য অগ্রগতি' হয়েছে। সেই ৪৮ ঘণ্টার অগ্রগতি ১১ বছরেও জানা যায়নি। দেশের বিভিন্ন সংস্থা হয়ে মামলার তদন্ত ঘুরেছে সুদূর মার্কিন মুল্লুক পর্যন্ত। কবর থেকে লাশ তোলা শুধু নয়, তদন্তের সব শাখা-প্রশাখায় বিচরণ করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। কিন্তু ফল শূন্য। হয়নি দৃশ্যমান তদন্তের অগ্রগতি। হত্যাকারীদের চিহ্নিত করা গেছে কিনা বা কবে নাগাদ তদন্ত শেষ হতে পারে, এত বছর পরও এসব প্রশ্নের উত্তর মিলছে না কারো কাছে। সাগর-রুনি হত্যারহস্য অমীমাংসিত রাখার কোনো সুযোগ নেই; এ হত্যাকাণ্ডের বিচার অবশ্যই করতে হবে।

## ঝিনাইদহে নানা কর্মসূচীর মধ্য দিয়ে

সভাপতি জীবন কুমার বিশ্বাস, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেন, সাধারণ সম্পাদক আল ইমরানসহ নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। এছাড়াও আনন্দ মিছিল কেক কাটাসহ নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে দিনটি।

## আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠা

পর্যন্ত আওয়ামী লীগ সরকার দেশের কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ, তথ্য-প্রযুক্তি, অবকাঠামো, বিদ্যুৎ, গ্রামীণ উন্নয়ন, পররাষ্ট্র নীতি ও কৌশলসহ প্রতিটি সেক্টরে নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী ব্যাপক উন্নয়ন বাস্তবায়ন করে, যা বাংলাদেশের ইতিহাসে মাইলফলক। এ উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে আসন্ন জাতীয় নির্বাচনে দেশের জনগণ পূনরায় আওয়ামী লীগকে বিজয়ী করবে। রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে একটি ক্ষুধা-দারিদ্র্য-সন্ত্রাস-দুনীতি-নিরক্ষরতা মুক্ত, সমৃদ্ধ, শান্তিপূর্ণ, অসাম্প্রদায়িক ও কল্যাণমুখী রাষ্ট্র বিনির্মাণে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, আব্দুল হালিম, সাধারণ সম্পাদক এম এ খালেক, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন চুন্নু, সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, জেলা সেচ্ছাসেবক লীগের সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন, জেলা তাঁতী লীগের সভাপতি নুর ইসলাম সুবাদ, কুতুবপুর ইউপি চেয়ারম্যান সেলিম রেজা, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ জামান, আমদহ ইউপি চেয়ারম্যান রওশন আলী টোকন, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতিসহ আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## ঝিনাইদহে ২ দিন ব্যাপী

(পিকেএসএফ)'র সহযোগিতায় সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্টের আওতায় রুরাল রিকনস্ট্রাকশন ফাউন্ডেশনের আয়োজনে এ মেলার উদ্বোধন করা হয়। আরআরএফ'র নির্বাহী পরিচালক ফিলিপ বিশ্বাস'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী। বিশেষ অতিথি ছিলেন গান্না ইউনিয়নের চেয়ারম্যান আতিকুল হাসান মাসুম, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ নবী, কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান, কালীগঞ্জ উপজেলা কৃষি কর্মকর্তা মাহবুব আলম রনি, আলহাজ্ব মসিউর রহমান ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোস্তফা শাহিদ, আরআরএফ'র পরিচালক অরুন কুমার বিশ্বাস, মাগুরা জোনের সহকারী পরিচালক জাহাঙ্গীর আলম। অনুষ্ঠান পরিচালনা করেন আরআরএফ'র এসইপি প্রজেক্ট মানেজার ড. অসিত বরণ মন্ডল। মেরার উদ্বোধনী অনুষ্ঠানে ৭ জন ফুল চাষীকে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কৃত করা হয়। আয়োজকরা জানায়, ফুল চাষ ও ব্যবসার সম্প্রসারণের লক্ষ্যে গান্না ও যশোর অঞ্চলের চাষীদের অংশগ্রহণে এই ফুল মেলা অনুষ্ঠিত হচ্ছে। এখানে, গাধা, রজনীগন্ধা, জারবেড়া, লিলিয়ামসহ নানা প্রকার ফুলের প্রদর্শনী করা হচ্ছে। সেই সাথে ফুল আবাদের জন্য কৃষকদের নানা পরামর্শ ও দেওয়া হচ্ছে। শতাধিক কৃষকের অংশগ্রহণে অনুষ্ঠিত এ মেলা শেষ হবে শনিবার।

## পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে

দোকানে চা খেতে গেলে দোকানী বকেয়া বাবদ ৩শ পাওনা টাকা চাই। পাওনা টাকাকে কেন্দ্র করে উভয়ের মধ্যে বাকবিতন্ডা হয়। একপর্যায়ে চা দোকানী তালেব ও তার ছেলে আরজানকে কিল-ঘুষি মারতে থাকে। এতে সে জ্ঞান হারিয়ে ফেলে। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়।
স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডাঃ শিরিন সুলতানা বলেন, প্রাথমিক অবস্থায় শরীরে হাল্কা নির্যাতনের চিহ্ন পাওয়া গেছে।
উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ লিয়াকত আলী জানান, আরজান মন্ডল দোড়া ইউনিয়নের ৯ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ছিলেন। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে এভাবে মানুষকে মৃত্যুর মুখে ফেলতে হবে! এসময় তিনি ঘটনার সুষ্ঠু তদন্ত পূর্বক ব্যাবস্থা গ্রহনের দাবি জানান।
কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। মৃতদেহ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় এখনো মামলা দায়ের হয়নি।

## শৈলকুপার বগুড়া ইউনিয়নে

সংসদ সদস্য আব্দুল হাই এমপি সুযোগ্য পুত্র ব্যারিস্টার জিসান হাই। এসময় উপস্থিত ছিলেন বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, সাবেক ছাত্রলীগের সহ-সভাপতি রবিউল ইসলাম রবি, ঝিনাইদহ জেলা ছাত্রলীগ সাবেক সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, শৈলকুপা উপজেলা ছাত্রলীগের সভাপতি মনিরুজ্জামান মিশন, ছাত্রলীগের সাধারণ সম্পাদক বাবু হোসেনসহ ইউনিয়ন, উপজেলা ও জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ। এসময় ২০০০ হাজার হত দরিদ্র মানুষের মাঝে ১০ কেজি করে চাল ও ১৪০০ মানুষের মাঝে টিসিবি পণ্য বিতরণ করা হয়।

## মাগুরায় আওয়ামী লীগের ৭৪তম

সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন সংসদ সদস্য ড. বীরেন শিকদার, জেলা আওয়ামী লীগের সভাপতি আ ফ ম আব্দুল ফাত্তাহ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান আবু নাসের বাবলু, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট সৈয়দ শরিফুল ইসলাম, সংরক্ষিত মহিলা আসনের সাবেক সংসদ সদস্য কামরুল লায়লা জলি, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আশরাফুল আলম বাবুল ফকির, সাধারণ সম্পাদক আব্দুল মান্নান, সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শেখ রেজাউল ইসলাম, জেলা যুবলীগের আহ্বায়ক ফজলুর রহমান, জেলা কৃষক লীগের সভাপতি মইনুল ইসলাম পলাশ, সাধারণ সম্পাদক সাজ্জাদুল ইসলাম বিপু, শ্রমিক লীগের সভাপতি সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান কিশোর, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহ্বায়ক শেখ সালাউদ্দিনসহ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা। এছাড়া বিকেলে র‌্যালি ও স্থানীয় নোমানী ময়দানে সমাবেশসহ বিভিন্ন কর্মসূচি রয়েছে।

## শৈলকুপার বগুড়া ইউনিয়নের দলীয়

ছাত্রলীগের সভাপতি মনিরুজ্জামান মিশন, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক বাবু হোসেন ও সাহেব আলী মেম্বারসহ বগুড়া ইউনিয়নের নেতৃবৃন্দ।

## মেহেরপুরে আওয়ামী লীগের

চেয়ারম্যান মোমিনুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা সেচ্ছাসেবক লীগের সদস্য সচিব বারিকুল ইসলাম লিজন, জেলা তাঁতী লীগের সভাপতি নুর ইসলাম সুবাদ, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতি, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শাহ জামানসহ আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

## খুলনা জেলা প্রশাসকের মায়ের

নারী ছিলেন। তিনি চাকরিজীবনে একজন কর্তব্যপরায়ণ, সৎ, দক্ষ এবং মানবিক গুণাবলী সম্পন্ন ব্যক্তি হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। তার একমাত্র পুত্র খন্দকার ইয়াসির আরেফীন বিসিএস প্রশাসন ক্যাডারের ২৪তম ব্যাচের সদস্য হিসেবে বর্তমানে খুলনা জেলা প্রশাসক এবং একমাত্র কন্যা ডা. নাঈমা ইশরাত এষা বিসিএস স্বাস্থ্য ক্যাডারের ৩১তম ব্যাচের সদস্য হিসেবে রাজশাহী মেডিকেল কলেজ ও হাসপাতালে কর্মরত আছেন। মৃত্যুকালে তিনি স্বামী ও দুই সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।
খুলনা জেলা প্রশাসনের এক শোকবার্তায় এ তথ্য জানানো হয়। শোকবার্তায় জেলা প্রশাসন পরিবারের পক্ষ থেকে জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট খন্দকার ইয়াসির আরেফীন ও তার পরিবারের প্রতি গভীর সমবেদনা এবং মরহুমার আত্মার মাগফিরাত কামনা করা হয়েছে।

## ইবিতে সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে

প্রত্যেকের জন্য (পোলাওয়ের চাউল- ৫০০ গ্রাম, চিনি- ৩৫০ গ্রাম, বড় সেমাই- ১ প্যাকেট, সয়াবিন তেল- ২৫০গ্রাম, গুড়া দুধ- ১ প্যাকেট, নুডুলস- ১ প্যাকেট, মাংশের মসলা- ১ প্যাকেট, কিচমিচ, সাবান, ও শ্যাম্পু)। এসময় সেখানে উপস্হিত ছিলেন "সি আর সিচ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রনি সাহা ও সদস্য সাইফুল ইসলাম, মুরছালিন, পায়েল, মমিনুল সহ অন্যান্য নেতৃবৃন্দ। সংগঠনটির শাখা সভাপতি রনি সাহা বলেন, এটা প্রথম পর্বের বিতরণ ছিলো আমাদের এই ধারা অব্যাহত থাকবে ঈদের আগ পর্যন্ত। উল্লেখ্য, 'থেকে একসাথে যুক্ত, করবো পৃথিবী পথশিশু মুক্ত' শ্লোগানকে সামনে রেখে ২০১৬ সাল থেকে ইবিতে সিআরসি'র কার্যক্রম শুরু হয়। সুবিধাবঞ্চিত শিশুদের মৌলিক অধিকার প্রতিষ্ঠায় নানা কার্যক্রম চালিয়ে আসছে সংগঠনটি।

## ঝিনাইদহে ৫ দিন ব্যাপী প্রযোজনা

ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কালেক্টরেট স্কুলের অধক্ষ্য সুষেন্দ কুমার ভৌমিক, সিও সংস্থার নির্বাহী পরিচালক শামসুল আলম, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, জেলা নাট্য সমন্বয় পরিষদের সাধারণ সম্পাদক তারেক হাসান পল্লব, বাংলাদেশ ও ভারতের নাট্য শিল্পীরা উপস্থিত ছিলেন। আয়োজকরা জানায়, ৫ দিন ব্যাপী এই নাট্য ও নৃত্য কর্মশালায় সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধশত শিক্ষার্থী অংশ নিচ্ছে। কর্মশালায় ভারতের পশ্চিমবঙ্গের নাট্যকর শ্রীমতী কৃতি মজুমদার, নাট্য নির্দেশক অভিষেক দত্ত, অভিনেতা শুভ্রজিৎ মল্লিক ও সৌরভ চট্টোপাধ্যায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদাণ করবেন।

## কোটচাঁদপুরে আওয়ামী লীগের

নুরুল ইসলাম খান বাবলু সহ-সভাপতি মোঃ লুৎফর রহমান, সাবেক পৌর আওয়ামী লীগের যুগ্ম আহবায়ক পৌর মেয়র শহিদুজ্জামান সেলিম, সাবেক পৌর আওয়ামী লীগের আহবায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাসেম, উপজেলা যুবলীগ আহবায়ক মীর মনিরুল আলম মনি, কুশনা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান যুবলীগ নেতা মোঃ আব্দুল হান্নান, বলুহর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম, উপজেলার সকল ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক ছাত্র লীগের সভাপতি সাধারণ সম্পাদক স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক সহ উপজেলা থেকে আগত হাজার হাজার নেতা কর্মীদের উপস্থিতিতে মুখরিত হয়ে যায় কোটচাঁদপুর শহর।

## শৈলকুপায় নানা কর্মসূচীর মধ্য দিয়ে

নবনির্বাচিত পৌর কমিটির সভাপতি কাজী আশরাফুল আজম, সাধারণ সম্পাদক আলহাজ্ব শিকদার ওয়াহিদুজ্জামান ইকু,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুনব্বী কালু, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা নাসরিন লিপি, ৯ নং মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহিদুল ইসলাম জাহিদ, চেয়ারম্যান জিল্লুর রহমান তপন, চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুন,উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক বাবুসহ উপজেলা ও পৌর আওয়ামী লীগের হাজার হাজার কর্মীরা উপস্থিত ছিলেন।

## মহেশপুরে নানা আয়োজনে

সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, উপজেলা আওয়ামীলীগের সাবেক দপ্তর সম্পাদক বীর মুক্তিযোদ্ধা কাজি আব্দুর সাত্তার,পৌর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি অমল কুমার কুন্ডু, নাটিমা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কাশেম মাষ্টার, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি সিরাজুল ইসলাম সিরাজ, সাধারণ সম্পাদক হাসানুজ্জামান আলীম, উপজেলা যুবলীগের আহবায়ক ও পৌর কাউন্সিলর কাজি আতিয়ার রহমান, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি প্রভাষক এম এ আসাদ, প্রভাষক মুকুল গাজি, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক শাহেদ মেহেবুব রনজু, যুগ্ম-আহবায়ক আশাবুল আরাফ শিমুল,উপজেলা যুবলীগের যুগ্ন আহবায়ক ইয়াকুব আলী, মহিলা আওয়ামীলীগ নেত্রী নাসরিন সুলতানা প্রমুখ।

## প্রতারক আদম ব্যবসায়ীর বিচারের

আকামা তৈরি করে দেওয়ার কথা বলে বাংলাদেশী টাকার হিসেবে জুলহাসের কাছ থেকে ৪ লাখ টাকা নেন আব্দুল জলিল। পরে তিনি আকামা না করে ওই টাকা আত্মসাত করেন। জুলহাসের কাছ থেকে টাকা নেওয়ার কথা স্বীকার আব্দুল জলিল দেশে ফিরে টাকা ফিরিয়ে দেয়ার অঙ্গীকার করেন। তিনদিন আগে আব্দুল জলিল দেশে ফিরে ভুলটিয়া গ্রামে নিজেদের বাড়িতে আসেন। খবর পেয়ে টাকা ফিরে পেতে আব্দুল জলিলের বাড়িতে গেলে তিনি বিলকিস খাতুনকে মারধোর করেন এবং উদ্দেশ্য প্রণোদিতভাবে তার পরনের কাপড় টানা-হ্যাচড়া করে বে-আব্রু করে শালিনতাহানি করেন।
ভুক্তভোগীরা জানান, আব্দুল জলিল গং পাশের কোলা গ্রামের রাশিদুলের কাছে ৫ লাখ ৮০ হাজার এবং দখলপুর গ্রামের জামালের কাছ থেকে ৬ লাখ টাকা নিয়ে একইভাবে প্রতারণা করেছেন। গ্রামবাসী বলেন, অভিযুক্তরা এলাকার অন্তত ১৫ জনের সাথে একইভাবে প্রতারণা করেছেন।
এ বিষয়ে অভিযুক্ত আব্দুল জলিল ও তার পিতার সাথে যোগাযোগের চেষ্টা করা হলে মোবাইলফোন রিসিভ করেননি।

## হরিণাকুণ্ডুতে আওয়ামী লীগের

হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান জোয়ার্দারসহ আওয়ামী লীগের সকল সহযোগী অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

## মেহেরপুরে ভাষা উৎসব অনুষ্ঠিত

হাসান কৌশিকের নেতৃত্বে এবং গণিত পরিবারের প্রতিষ্ঠাতা সভাপতি আবির শফি বিন্দুর পরিকল্পনা ও নির্দেশনায় একদল দক্ষ টিম কার্যক্রমে জড়িত আছে। দেশের বুয়েট, মেডিকেলসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীরা এ কার্যক্রমে কাজ করে চলেছেন। অনলাইন ও অফলাইনে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া সংগঠনের উপদেষ্টা অ্যাডভোকেট একেএম শফিকুল আলমের নেতৃত্বে একদল উপদেষ্টা এ কার্যক্রম তদারকি করেন। আগামীকাল গাংনী গনিত পরিবারের উদ্যোগে গাংনী মহিলা কলেজে বিজ্ঞান উৎসব ও গণিত উৎসব অনুষ্ঠিত হবে। ভাষা উৎসবে পরীক্ষা কার্যক্রম তদারকি করেন গাংনী সরকারি ডিগ্রি কলেজের শিক্ষক নাসিরউদ্দিন, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের প্রভাষক রফিকুল আলম বকুল, করমদি কলেজের এ এস এম সায়েম পল্টু। মেন্টরদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক সৈকত ইসলাম সিহাব, ভাষা উৎসবের আহবায়ক তারিকুজ্জামান, সদস্য সচিব ফাতেমা ফারজানা নির্জনা, সাবেক সভাপতি তাসনোভা মুর্শিদ, সাংগঠনিক সম্পাদক তৌহিদুল আকবার আদিব, মাসরুর শাকিল সিহাব, ওয়াদ বিন আশরাফ ও কর্মশালা বিষয়ক ছাবিকুল নেহা, জাবেদ বিল আলম নিরবসহ সংগঠনের সিনিয়র ও জুনিয়র মেন্টররা উপস্থিত ছিলেন। অত্যন্ত আনন্দমুখর পরিবেশে শিক্ষার্থীরা ভাষা উৎসব অনুষ্ঠিত হয়।

## কোটচাঁদপুরে চাচার আলমসাধুর

পিছন দিক থেকে শিশু হুজাইফা বাড়ি থেকে দৌড়ে বের হয়। এতে আলমসাধুর পিছনে ধাক্কা লেগে সড়কের উপর ছিটকে পড়ে মাথায় গুরুতর আঘাত পায়। পরিবারের লোকজন আহত শিশুটিকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডাঃ শিরিন সুলতানা শিশুটিকে মৃত ঘোষনা করেন।
কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় মৃতদেহ পরিবাবের কাছে হস্তান্তর করা হয়েছে। এঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

## গাংনীতে কুকুরের কামড়ে ৪ জন জখম

দিয়ে টেনে হেঁচড়ে নিয়ে যাচ্ছিল। এসময় তাকে রক্ষা করতে গেলে আমাকেও কুকুরের দল আক্রমণ করে। এদিকে, একই সময়ে শিশিরপাড়ার শিশু সামিউল বাড়ির পাশে খেলা করছিল এসময় একটি কুকুর তাকে কামড় দেয়। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. আবীর হোসেন জানান, আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়েছে। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকা না থাকায় সবাইকে মেহেরপুর জেনারেল হাসপাতালে যাবার পরামর্শ দেয়া হয়েছে।

## হরিণাকুন্ডুর তাহেরহুদা ইউপিতে

অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার সুবির কুমার ঘোষসহ ইউপি মেম্বাররা উপস্থিত ছিলেন।

## ঝিনাইদহে মৌসুমে ফল প্রতারক

গ্রেফতার করে। তাদের কাছ থেকে ঢাকা মেট্রো-ন-২৩-২৫২৫ নং এর একটি আম বহনকারী পিকআপ আটক করা হয়েছে। উল্লেখ্য, প্রতারক চক্র আনুমানিক ৪ লক্ষ টাকার আম আত্মসাৎ করে বলে সংবাদ সম্মেলনে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা জানান।

## মুজিবনগরে আওয়ামী লীগের

উপজেলা সেচ্ছাসেবক লীগের পক্ষে আহবায়ক মতিউর রহমান মতিন,যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারন সম্পাদিকা তহমিনা খাতুন, উপজেলা তাঁতীলীগের পক্ষে সভাপতি আঃ খালেক, সাধারন সম্পাদক গাওসুল আযম বিজন ও ইয়াং বাংলা ফিচার লীডার শীপ মুজিবনগর শাখার পক্ষে হাসানুজ্জামান লাল্টুসহ প্রমুখ উপস্থিত ছিলেন।

## আলমডাঙ্গাতে আওয়ামীলীগের

আজ বসন্তের কোকিল দের বলতে চাই ভোট আসলে আপনাদের নানা রকম আস্বাসের বুলি শোনা যায়,আপনারা বলে বেড়াচ্ছেন নেত্রী আমাকে পাঠিয়েছে আপনাদের কাছে, মনোনয়ন আমি পেয়ে যাচ্ছি।আরে মিয়ারা জনগন কি এখনও সেই আগের মত আছে,ছাতা দিচ্ছেন আর বলছেন নেত্রী দিয়েছে।আরে মিয়া আমি চুয়াডাঙ্গা১আসনের এমপি আমি জানি নে,উনাকে ছাতা বিলি করতে বলেছে।আর কত মিথ্যা কথা বলবেন।মনে রাখবেন এখনো আমি ভোট করলে আমিই জিতবো।কেউ আমাকে ঠেকাতে পারবেন না।কষ্ট করে সংগঠন তৈরি করেছি।জীবন যৌবন নষ্ট করেছি এই সংগঠনের জন্যে আর আপনারা উড়ে আসে জুড়ে বসবেন আর আমি তাকিয়ে তাকিয়ে দেখব ভ্যাবেছেন।মিয়ারা আমি ভদ্রতা দেখাচ্ছি মানে মনে কইরেন না দুর্বল হয়ে পড়েছি।হুকুম দিলে মাঠে দাড়াতে পারবেন না।আসেন আজ আমরা শপথ করি আবারও নৌকা প্রতিকে ভোট দিয়ে উন্নয়নের ধারা অব্যাহত রাখব।পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছার সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, সহ-সভাপতি খোন্তার জামিল, সাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,চুয়াডাঙ্গা সদর পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা,সম্পাদক আব্দুল কাদের,সাবেক জেলা যুবলীগের সভাপতি আরেফিন আলম রঞ্জু,সাইফুল হাসান জোয়ার্দার,নুরুজ্জামান,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম,চুয়াডাঙ্গা মহিলা সমিতির সভাপতি নাবিলা রোখছানা ছন্দা।উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্টারের উপস্থাপনায় বক্তব্য রাখেন আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,সম্পাদক মতিয়ার রহমান ফারুক,ইউনিয়ন চেয়ারম্যানদের মধ্যে থেকে বক্তব্য দেন আবু সাইদ পিন্টু ও আসিকুর রহমান ওল্টু,ইউনিয়ন সভাপতিদের মধ্যে থেকে বক্তব্য দেন আবু তাহের, প্রমুখ। আলোচনা শেষে কেক কেটে ৭৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।পরে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা মঞ্চে গিয়ে শেষ হয়। সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়।

## হজ পালনে সৌদি আরবের উদ্দেশ্যে

এবং সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ উর্ধ্বতন কর্মকর্তারা রাষ্ট্রপতির সঙ্গে রয়েছেন।
মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, পররাষ্ট্রমন্ত্রী এ কে আবদুল মোমেন, কূটনৈতিক কোরের ডিন, মন্ত্রিপরিষদ সচিব, তিন বাহিনীর প্রধানগণ, পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এবং পদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তারা বিমানবন্দরের ভিভিআইপি লাউঞ্জে রাষ্ট্রপতিকে বিদায় জানান।
বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে ৬টায় জেদ্দা বিমানবন্দরে পৌঁছালে মক্কা অঞ্চলের ডেপুটি গভর্নর প্রিন্স বদর বিন সুলতান বিন আবদুল আজিজ, সৌদি আরবে বাংলাদেশের রাষ্ট্রদূত ড. মোহাম্মদ জাভেদ পাটোয়ারি এবং দূতাবাসের কর্মকর্তারা মোহাম্মদ সাহাবুদ্দিনকে স্বাগত জানাবেন।
কর্মসূচী অনুযায়ী রাষ্ট্রপ্রধান সেখানে আল সাফা রয়্যাল প্যালেসে অবস্থান করবেন।
হজের যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর রাষ্ট্রপতি সাহাবুদ্দিন ১ জুলাই মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর রওজা মোবারক জিয়ারতের জন্য মদিনায় যাবেন।
হজ ও জিয়ারতসহ সৌদি আরবে ১০ দিনের সফর শেষ করে, রাষ্ট্রপতি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি বিমানে (ফ্লাইট নম্বর: বিজি ৩৩৮) ২ জুলাই মদিনার প্রিন্স মোহাম্মদ বিন আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।

## সুইস ব্যাংক থেকে পাচারের টাকা

থেকে এই টাকা যদি বাংলাদেশে আসত তাহলে বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের এই হাল হতো না। বাংলাদেশের অর্থনীতিতেও এই দুরবস্থা হতো না। অর্থনীতিবিদরা নিশ্চিত হয়েছেন যে, এই টাকা বাংলাদেশে আসেনি।
নানা কারণেই সুইজারল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, সিঙ্গাপুর ইত্যাদি দেশগুলো এখন পাচার করা অর্থ রাখার জন্য নিরাপদ জায়গা বলে বিবেচিত হচ্ছে না। কারণ আন্তর্জাতিক অর্থ পাচার তদারকি এবং তদন্ত এখন আগের চেয়ে অনেক জোরদার হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা সহ বিশ্বের বিভিন্ন দেশ গুলো একটি নেটওয়ার্কের মাধ্যমে অর্থ পাচার রোধ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশ থেকে যারা অর্থ পাচারকারী তাদেরকেও নানাভাবে চিহ্নিত করার উদ্যোগ নেয়া হচ্ছে। অর্থনীতিবিদরা বলছেন, আরেকটি কারণ হলো সামনে নির্বাচন। নির্বাচনকে ঘিরে অনিশ্চয়তার মধ্যে যদি ক্ষমতার পট পরিবর্তন হয় তাহলে যে সমস্ত দেশগুলোতে পাচারকৃত অর্থের দিকে নজর যাবে তার মধ্যে অন্যতম হলো সুইস ব্যাংকগুলো। মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন ভিসা নীতি এবং অন্যান্য পদক্ষেপের কারণে ইতিমধ্যেই মার্কিন যুক্তরাষ্ট্র থেকেও পাচারকারীরা অর্থ সরাতে শুরু করেছে। কিন্তু মজার ব্যাপার হলো পাচারকারীরা এসব অর্থ সরিয়ে বাংলাদেশ নিয়ে আসছে না। বাংলাদেশে টাকা আসার পরিমাণ খুবই কম।
দুমাস আগে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে বেশকিছু অর্থ আসছিল। কিন্তু এ নিয়ে আলোচনার পর এখন সেটিও বন্ধ হয়ে গেছে। অর্থনীতিবিদরা বলছেন, একটু গভীরভাবে পর্যবেক্ষণ করলে বা তদন্ত করলে দেখা যাবে যে সুইস ব্যাংকের টাকা গুলো যাচ্ছে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে। দুবাই এখন অর্থপাচারের বড় হাব হয়েছে। বিভিন্ন ব্যক্তিরা অর্থ পাচার করে, অর্থ সম্পদ লুট করে দুর্নীতি করে এখন টাকা রাখা নিরাপদ আশ্রয় হিসেবে বিবেচনা করছেন দুবাইতে। যে ১০ হাজার পাঁচশ সাইত্রিশ কোটি টাকা সুইস ব্যাংক থেকে এ বছর উত্তোলন করা হয়েছে সেই টাকা যে দুবাই গেছে এ ব্যাপারে অর্থনীতিবিদদের কোন রকম সন্দেহ নেই। তারা মনে করছেন যে, এই টাকাগুলোর গতিপথ পর্যবেক্ষণ করলে পাওয়া যাবে যে অর্থ পাচারকারী কারা। কিন্তু সেটা সরকার করবে কিনা তা নিয়ে কোনো কোনো অর্থনীতিবিদের সংশয় রয়েছে। অর্থনীতিবিদরা বলছেন, গত কয়েক বছর ধরে দুবাইয়ে সম্পদশালীদের অর্থ পাচারের প্রবণতা এবং ঝোঁক বেড়েছে। তারা কথায় কথায় দুবাই যাচ্ছেন এবং দুবাইতে দোকানপাট, শপিং মল, আবাসন খাতে বিপুল পরিমাণ বাংলাদেশিদের বিনিয়োগ হচ্ছে। এই টাকা যে পাচারের টাকায় এ নিয়ে কারো কোনো সন্দেহই নেই। সংশ্লিষ্ট মহল মনে করছেন, নানা কারণেই সুইস ব্যাংক, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডার চেয়ে দুবাইয়ের টাকা রাখা সুবিধাজনক হচ্ছে। পাচারের এই টাকা বেহাত হওয়ার কোন সম্ভাবনা নেই। দুবাই পাচারকৃত অর্থ কোন সরকারের অনুরোধে ফেরত দেয় না। দুবাই বা সংযুক্ত আরব আমিরাতে অর্থ পাচারকারীদের তথ্য প্রকাশ করা হয় না। সেখানে একটি নির্দিষ্ট পরিমাণ কর দিয়ে যে কেউ যে কোনো পরিমাণ অর্থ রাখতে পারে। সেখানে একটি নির্দিষ্ট পরিমাণ কর দিয়ে যে কেউ যেকোনো সম্পদের মালিক হতে পারে। দুবাই বা সংযুক্ত আরব আমিরাতের প্রধান নীতি হলো সেখানে বসে যদি কেউ কোন অপরাধ না করে তাহলে অন্য দেশের অপরাধের জন্য তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে না। আর এর ফলে শুধু বাংলাদেশ নয়, বিভিন্ন দেশের লুণ্ঠনকারী, দুর্নীতিবাজ, দুর্বৃত্তদের অভয়াস্থলে পরিণত হয়েছে সংযুক্ত আরব আমিরাত। অনুসন্ধান করে দেখা যাচ্ছে যে, বাংলাদেশে গত কয়েক বছরে দুবাইয়ের যে পরিমাণ বিনিয়োগ হয়েছে তা বিস্ময়কর। সুইস ব্যাংকগুলো নিরাপদ নয়, সেখানকার গুচ্ছিত অর্থ নিয়ে আন্তর্জাতিক গণমাধ্যমে নানারকম লেখালেখি হয়। আন্তর্জাতিক মুদ্রা পাচার তদারকি সংস্থাগুলো সুইস ব্যাংক বা মার্কিন যুক্তরাষ্ট্রে অর্থপাচার গভীরভাবে মনিটরিং করে। এ কারণেই এখন মধ্যপ্রাচ্যের দেশগুলো পাচারকারীদের নতুন ঠিকানা হয়েছে।

## আওয়ামী লীগের সবচেয়ে বড়

পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং আওয়ামী লীগের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা।' গতকাল শুক্রবার আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে দলীয়ভাবে পুষ্পস্তবক অর্পণ শেষে মিন্টো রোডের সরকারি বাসভবনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।
হাছান মাহমুদ বলেন, 'বাংলাদেশ আজকে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্বল্পোন্নত থেকে মধ্যম আয়ে, খাদ্যে ঘাটতি থেকে স্বয়ংসম্পূর্ণতায় উন্নীত হয়েছে, বিশ্বে একটি মর্যাদাশীল রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। সেই কারণে বাঙালির ইতিহাস লিখতে গেলে আওয়ামী লীগের নাম লিখতে হবে।'
'আওয়ামী লীগের নেতৃত্বেই বাঙালির স্বাধিকার আদায়ের আন্দোলন ও স্বাধীনতা সংগ্রাম' উল্লেখ করে মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব ১৯৬৬ সালে ছয় দফা দাবির মধ্য দিয়ে স্বাধিকার আদায়ের আন্দোলন সূচনা করেন। সেই পথ ধরে ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, ১৯৭০ সালের নির্বাচন এবং ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বঙ্গবন্ধু তার মূল লক্ষ্য স্বাধীন বাংলাদেশ অর্জন করেন।
আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান স্মরণ করিয়ে দেন, 'মুক্তিযুদ্ধকালে জাতির পিতা বঙ্গবন্ধুকে রাষ্ট্রপতি, সৈয়দ নজরুল ইসলামকে উপ-রাষ্ট্রপতি এবং তাজউদ্দীন আহমদকে প্রধানমন্ত্রী করে গঠিত স্বাধীন বাংলাদেশের প্রথম সরকারের অধীনেই মুক্তিযুদ্ধ পরিচালিত হয়েছিল, মুক্তিযুদ্ধের সেক্টরগুলো গঠিত হয়েছিল, সেক্টর কমান্ডারদের নিয়োগ দেওয়া হয়েছিল। এবং স্বাধীনতার পর বঙ্গবন্ধু যখন যুদ্ধবিধ্বস্ত দেশকে পুনর্গঠন করে এগিয়ে নিয়ে যাচ্ছিলেন, তখন তাকে হত্যা করা হয়েছিল।'
তথ্যমন্ত্রী বলেন, '১৭৫৭ সালের ২৩ জুন পলাশীর প্রান্তরে বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত হয়েছিল, ১৯৪৯ সালের ২৩ জুন আওয়ামী লীগের প্রতিষ্ঠা যেন সেই হারানো স্বাধীনতা ফিরিয়ে আনার জন্যই, যাদের নেতৃত্বে আমরা ১৯৭১ সালে স্বাধীন হয়েছি। সে কারণে এই দিনটি বাঙালি জাতি ও বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।'
আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বেই বাংলাদেশ জাতির পিতা, মহান শহীদ ও মুক্তিযোদ্ধাদের স্বপ্নপূরণের পথে এগিয়ে যাবে, ২০৪১ সাল নাগাদ একটি উন্নত সমৃদ্ধ দেশে পরিণত হবে, দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন হাছান মাহমুদ।
আওয়ামী লীগের সূচনালগ্নের সময় বর্ণনা করে মন্ত্রী হাছান বলেন, '১৯৪৯ সালের এই দিনে ঢাকার রোজ গার্ডেনে মওলানা আব্দুল হামিদ খান ভাসানীকে সভাপতি এবং শামসুল হককে সাধারণ সম্পাদক করে আওয়ামী মুসলিম লীগ গঠিত হয়েছিল। তৎকালীন তরুণ নেতা শেখ মুজিবুর রহমান ছিলেন এক নম্বর যুগ্ম সাধারণ সম্পাদক। পরবর্তী সময়ে অসাম্প্রদায়িক চেতনাকে আরও শানিত করার লক্ষ্যে মুসলিম শব্দটি বাদ দিয়ে দলের নাম আওয়ামী লীগ হয়। ১৯৫০ সালে নিখিল পাকিস্তান আওয়ামী লীগ প্রতিষ্ঠিত হয়, যার সভাপতি ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী। ১৯৬৬ সালে বঙ্গবন্ধু আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হন।'
স্বাধীনতার আগেও আওয়ামী লীগ বাঙালি জাতির জন্য অনেক অর্জন বয়ে এনেছে উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, '১৯৫৬ সালে আওয়ামী লীগ সভাপতি হোসেন শহীদ সোহরাওয়ার্দীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার গঠিত হওয়ার পর থেকেই মূলত একুশে ফেব্রুয়ারি মহান ভাষা শহীদ দিবস রাষ্ট্রীয়ভাবে পালন শুরু হয়। কারণ ১৯৫২ সালে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি পাকিস্তানি সরকার মেনে নিলেও রাষ্ট্রীয়ভাবে তা প্রতিষ্ঠা করেনি, সেটি করেছিল আওয়ামী লীগ সরকার।'

## হজ পালনের উদ্দেশ্যে সৌদি

এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায় আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। আইএসপিআর জানায়, তারা যেন সুস্থ থেকে সুষ্ঠুভাবে হজ পালন করতে পারেন এবং মহান আল্লাহ তায়ালা যেন তাদের হজকে 'হজে মাবরুর' হিসেবে কবুল করেন সেজন্য তিনি সৌদি আরব গমনের সময় সবার কাছে দোয়া চেয়েছেন। উল্লেখ্য, পবিত্র হজ পালন শেষে সেনাবাহিনী প্রধান আগামী ৩ জুলাই দেশে ফিরে আসবেন।

## কাল থেকে হজ শুর

হজ অনুষ্ঠানে ২০ লাখের বেশী ধর্মপ্রাণ মুসলিম হজ পালনে মক্কায় সমবেত হবেন বলে অশা করা হচ্ছে।
সব মুসলমান জীবনে একবার মক্কায় হজ পালনের আকাক্সক্ষা লালন করেন এবং সামর্থবানদের অবশ্যই জীবনে একবার এই হজ পালনের বিধান রয়েছে। তবে অমুসলিমদের এই অনুষ্ঠানে যোগ দেয়া কঠোরভাবে নিষিদ্ধ।

## কার পক্ষে খেলছেন নুর

পিছনে কোন একজন গডফাদার রয়েছে বলে মনে করেন রাজনৈতিক বিশ্লেষকরা। যে গডফাদারের কারণে নুর সবকিছু থেকে ধরাছোঁয়ার বাইরে। নুর বাংলাদেশের রাজনীতিতে আলোচনায় আসেন কোটা আন্দোলনের মাধ্যমে এবং নুর এই আন্দোলনে বিজয় ছিনিয়ে আনেন। শেষ পর্যন্ত সরকার কোটা প্রথা বিলোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেন। যেটি এখন কার্যকর হয়েছে। বিভিন্ন মহল বলছে, কোটা আন্দোলনের পর থেকেই নুরের সাথে একটি প্রভাবশালী মহলের গোপন যোগাযোগ হয়। এই প্রভাবশালী মহল কি দেশি না বিদেশি, গোয়েন্দা সংস্থা নাকি অন্য কেউ তা নিশ্চিত হতে পারছে না কেউই। এ নিয়ে তৈরি হচ্ছে রহস্যের জট। এরপর নুর ডাকসু নির্বাচন করেন এবং সেই নির্বাচনে যেখানে পুরো ছাত্রলীগের প্যানেল বিজয়ী হয় সেখানে একমাত্র নুর ছাত্র অধিকার পরিষদ নেতা হিসেবে বিজয়ী হয়ে বিস্ময় সৃষ্টি করে। ওই নির্বাচন নিয়ে অনেকেই অনেক প্রশ্ন তুলেছে। কিন্তু প্রশ্ন হল যে ছাত্রলীগ নিয়ন্ত্রিত নির্বাচনের মধ্যে একা নুর কিভাবে জয়ী হয়ে আসলেন? তাহলে কি তার পিছনে কারো সমর্থন ছিল কিংবা পৃষ্ঠপোষকতা ছিল? এরপর নতুন রাজনৈতিক সংগঠন করেন এবং সেই রাজনৈতিক সংগঠনে রেজা কিবরিয়াকে আহ্বায়ক করেন।
রেজা কিবরিয়ার সঙ্গে নুরের সম্পর্ক কতটুকু টিকবে না টিকবে এ নিয়ে অনেকের সন্দেহ ছিল। কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল যে দুইজন দুই মেরুর বাসিন্দা। তবে দুজনের একটি বিষয় মিল আছে। আর তা হলো অর্থলোভ। গণঅধিকার পরিষদ নামের সংগঠনটি করে নুর এবং রেজা কিবরিয়া দুজনই দুদিক বেশুমার অর্থ আহরণ করেছেন। আর এই সমস্ত অর্থের ভাগাভাগীর কারণে তাদের বিরোধ ছিল। যখন এই বিরোধের কারণে গণঅধিকার পরিষদ অস্তিত্বের সংকটে পড়ল তখন তাদের টনক নড়ল। তারা আবার দুজন একসাথে বসে তাদের মধ্যে মিটমাট করে নিলেন। কারণ তারা জানেন যে, যদি গণপরিষদ পরিষদ বিভক্ত হয়ে যায়, দুজন দুই মেরুতে যান তাহলে রাজনৈতিক সংগঠন হিসেবে এটি আকর্ষণহীন হয়ে পড়বে এবং এটি কোন প্রভাব রাখতে পারবে না। এর ফলে তাদের টাকার উৎস বন্ধ হয়ে যাবে। আর এ কারণে তারা এক হয়েছেন।
নুরের সঙ্গে মোসাদের সম্পর্ক নিয়ে এর আগেও বিভিন্ন সময় কথা হয়েছিল। গণমাধ্যমে তার ছবিও প্রকাশিত হয়েছিল। কিন্তু তারপরও সরকার নুরের ব্যাপারে কোন কিছু করেননি। কোনো ব্যবস্থা গ্রহণ করেনি। এ কারণে সেও একটা রহস্য। এখন যখন একজন রাষ্ট্রদূত বলছেন যে, নুরের সঙ্গে মোসাদের একাধিক বৈঠক হয়েছে তখন সরকার কেন নীরবতা পালন করছে। নুর আসলে কার পক্ষের খেলছেন? নুর কি তাহলে কারো পক্ষের গুটি, যে জন্য তাকে জিয়ে রাখা এবং আলোচনায় রাখাটা জরুরি। আগামী নির্বাচন সামনে রেখে নুরকে ঘিরে কি কোনো পরিকল্পনা রয়েছে? এই প্রশ্নগুলো এখন রাজনৈতিক অঙ্গনে ক্রমাগত ঘুরপাক খাচ্ছে।

## রেল সচিবের বেনাপোল

যাতে স্টেশন এলাকায় প্রবেশ করতে না পারে সেজন্য নজরদারি আরও বাড়ানো হবে। পরিদর্শনের সময় তার সঙ্গে ছিলেন রেলওয়ের রাজশাহী অঞ্চলের চিপ ইন্জিনিয়ার আসাদুজ্জামান, যশোরের জেলা প্রশাসক তমিজুল ইসলাম খান, বেনাপোল কাস্টমস হাউজের ডেপুটি কমিশনার তানভীর আহম্মেদ, ৪৯ বিজিবি ব্যাটালিয়নের উপ-অধিনায়ক মেজর সেলিমুদ্দোজা, শার্শা উপজেলা নির্বাহী অফিসার নারায়ন চন্দ্র পাল, শার্শা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ফারজানা ইসলাম, রেলওয়ের নিরাপত্তা কর্মকর্তা মোর্শেদ আলম।সিএন্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি মফিজুর রহমান সজনসহ অন্যান্য গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## আ.লীগ ক্ষমতায় থাকলে মানুষের

মানুষ এখন প্রযুক্তি ব্যবহার করছে, হাতে হাতে মোবাইল ব্যবহার রয়েছে। আওয়ামী লীগ সরকারে থাকলে দেশ আরও উন্নত সমৃদ্ধ হবে।
আওয়ামী লীগের সভাপতি বলেন, ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ, স্মার্ট জনগোষ্ঠী, স্মার্ট অর্থনীতি আমাদের গড়ে উঠবে। আমার দেশ এগিয়ে যাবে। কৃষি, বিজ্ঞান, স্বাস্থ্যসহ সব ক্ষেত্রে বাংলাদেশ আজ অগ্রগতি ভূমিকা পালন করছে। সারা বিশ্বে বাংলাদেশ আজ মর্যাদা পেয়েছে।
শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ মানুষের কল্যাণের কথা চিন্তা করে। জাতির পিতার বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে বাংলাদেশ এগিয়ে যাবে। বাংলাদেশ সারা বিশ্বে যে মর্যাদার আসন অর্জন করেছে, সেই অর্জন ধরে রেখেই বিশ্বে আরও উন্নত সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠা লাভ করবে, সেটাই আমার প্রতিজ্ঞা।
বিএনপির প্রতি ইঙ্গিত করে শেখ হাসিনা বলেন, অবৈধভাবে যারা সংবিধান লঙ্ঘন করে ক্ষমতায় এসেছিল, তারা এ দেশের স্বাধীনতার চেতনাকে ধূলিসাৎ করেছিল। যারা অবৈধভাবে ক্ষমতা দখলকারী, সন্ত্রাসী দল বিএনপি-জামায়াতসহ যারা স্বাধীনতার চেতনা বিশ্বাস করে না, তারা এ দেশকে ধ্বংস করবে।
এর আগে শুক্রবার (২৩ জুন) সকালে আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকীতে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী ও দলটির সভাপতি শেখ হাসিনা। এ সময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন।
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে আওয়ামী লীগের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন শেষে বেলুন ও পায়রা ওড়ানোর মধ্য দিয়ে কর্মসূচি উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর আগে দিবসটি উপলক্ষে শুক্রবার সূর্যোদয়ের সময়ে কেন্দ্রীয় কার্যালয় ও দেশব্যাপী আওয়ামী লীগ দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়।
শুক্রবার সকাল ১০টায় গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের একটি প্রতিনিধি দল শ্রদ্ধা জানায়। বিকাল সাড়ে ৩টায় বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রে আলোচনা সভা করবে আওয়ামী লীগ।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com





# কালীগঞ্জে আওয়ামীলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**কালীগঞ্জ উপজেলা প্রতিনিধি :** নানা কর্মসূচীর মধ্য দিয়ে ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ আওয়ামীলীগের ৭৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে শুক্রবার সকালে উপজেলা আওয়ামী লীগের ভুষন রোডস্থ্য দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও ঝিনাইদহ- ৪ আসনের এমপি আনোয়ারুল আজিম আনার।

বিকালে আ'লীগের হাজার হাজার নেতা কর্মী সমর্থকেরা মিছিল সহকারে জড়ো হয় শহরের মেইন বাস টার্মিনালে। এরপর পৌর আ'লীগের ভারপ্রাপ্ত সভাপতি ফরিদ উদ্দিনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, এমপি আনোয়ারুল আজিম আনার। আরো বকত্তব্য রাখেন, আ'লীগ নেতা ইউপি চেয়ারম্যান ওহিদুজ্জামান ওদু, পৌর শাখার সাংগাঠনিক সম্পাদক পৌর মেয়র আশরাফুল আলম আশরাফ, উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেল, উপজেলা ভাইচ চেয়ারম্যান শিবলী নোমানী, সাবেক উপজেলা ভাইচ চেয়ারম্যান রাশেদ শমসের, পৌর যুবলীগের যুগ্ন আহব্বায়ক শফিকুজ্জামান রাসেল ও উপজেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক মনির হোসেন সুমন সহ বিভিন্ন ইউনিয়নের আ'লীগ নেতবৃন্দ। শেষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়। সভাতে বকত্তাগন বলেন, জামাত বিএনপির সাথে আতাত করে একটি গ্রুপ ষড়যন্ত্রে মেতে উঠেছে। অচিরেই তাদেরকে দাতভাঙ্গা জবাব দেওয়া হবে।

অনুরুপভাবে আ'লীগের অপরগ্রুপ পৃথক ভাবে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে। সদ্য ঘোষিত আ'লীগ উপজেলা শাখার সাধারন সম্পাদক আয়ুব হোসেন খানের নেতৃত্বে দলীয় নেতা কর্মীরা সকালে মটরসাইকেল সহকারে মিছিল বের করে।



# কালীগঞ্জে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠায় ইমাম, খতিব ও আলেম ওলামাদের সাথে আলোচনা সভা

**বাদশা ফরহাদ, কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা প্রশাসন এবং ইসলামিক ফাউন্ডেশন কালীগঞ্জ উপজেলা শাখার আয়োজনে 'সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ এবং সামাজিক সমস্যা নিরসনে ইমাম, খতিব ও আলেম ওলামাদের' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে নির্বাহী কর্মকর্তা ইশরাত জাহানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান শাহনাজ পারভিন, থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান। আলোচক হিসাবে উপস্থিত ছিলেন শহরের ফয়লা জামে মসজিদের ইমাম মাও. মোঃ শফিকুর রহমান। অনুষ্ঠানে কোরআন তেলওয়াত করেন উপজেলার পুকুরিয়া জামে মসজিদের ইমাম মাও. মোঃ আব্দুল কাদের। অনুষ্ঠান পরিচালনা করেন ইসলামী ফাউন্ডেশনের ফিল্ড সুপার ভাইজার আলমগীর সিদ্দিকী। এ সময় আরও উপস্থিত ছিলেন ইসলামী ফাউন্ডেশনের সাধারন কেয়ারটেকার ফজলুর রহমান ও মোশাররফ হোসেন।

সভায় বক্তারা বক্তব্য বলেন, ইসলাম ধর্মের মানুষের কাছে সকল ধর্মের মানুষ নিরাপদে থাকবে এটা প্রিয় নবীর বাণী ছিল। ইসলাম শান্তির ধর্ম, একটি সমাজে বহু ধর্মের মানুষ বসবাস করবে, সেখানে যে যার ধর্ম নির্দ্বিধায় পালন করবে। সকলের মাঝে সম্প্রীীতি বজায় রেখে দেশকে এগিয়ে নিতে সম্মিলিতভাবে কাজ করতে হবে। সন্ত্রাস, জঙ্গিবাদ নির্মূলে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করে যেতে হবে।

বক্তারা আরোও বলেন, ইসলামের সাথে জঙ্গিবাদের কোনো সম্পর্ক নেই। শুদ্ধ সমাজ বিনির্মাণে আলেম-ওলামারা মুখ্য ভূমিকা পালন করতে পারেন এবং তা করছেন। সমাজে আজকে যে শান্তি স্থিতিশীলতা রয়েছে এতে ইমমাদের ভূমিকা আছে। দেশে ধর্মীয় উন্মাদনা তৈরি করে কেউ যেন কোনোভাবে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে না পারে, এ বিষয়ে ধর্মীয় ও সামাজিক নেতা হিসেবে ইমাম ও খতিবদের সজাগ ও সক্রিয় ভূমিকা পালন করতে হবে। জাতির কল্যাণে সকল মসজিদের খতিব ও ইমামগনকে সম্পৃক্ত থেকে দেশের জন্য কাজ করতে হবে।

# এদেশে থাকতে রাজি হলেই পেয়ে যাবেন সুন্দর বাংলো, নাগরিকত্ব আর ৭১ লক্ষ টাকা সহ আরও কত কী! যাবেন নাকি?

**আন্তর্জতিক ডেস্ক :** দেশের লোকসংখ্যা কমে গেছে। বাইরে থেকে লোক আনতে হবে। এই উদ্দেশ্যেই দেশে বসতি স্থাপনের জন্য ৭১ লক্ষ টাকার একটি স্কিম শুরু করছে আয়ারল্যান্ড। এই প্রক্রিয়া শুরু হবে ১ জুলাই থেকে। অনেকের কাছেই বিদেশ ভ্রমণ যেন একটি দারুণ রোমাঞ্চকর ব্যাপার। নতুন দেশ, নতুন জায়গায় বিলাসবহুল জীবনযাপন, নতুন মানুষের সঙ্গ, নতুন নতুন খাবার দাবার, নানা আকার্ষণীয় স্থান সবই যেন রোমাঞ্চকর। কিন্তু একটা বড় অংশের পর্যটকের কাছেই এই বিদেশ ভ্রমণ অনেকটা স্বপ্নের মতো। আর সেই স্বপ্ন পূরণ করার ক্ষমতা সকলের হয় না। খরচটাই সবচেয়ে বড় ব্যাপার। কিন্তু এমন যদি কোনও দেশে যাওয়ার সুযোগ পান, যেখানে গেলে খরচ নয়, উলটে বরং কিছু আমদানি হতে পারে তাহলে? আজ্ঞে হ্যাঁ, সুযোগ আছে। বেড়াতে সেই দেশে গেলে বাড়ি, টাকা, বিলাসবহুল জীবন এমনকি বসতি স্থানের সুযোগও পেয়ে যাবেন। যাবেন নাকি সেখানে?

দেশটির নাম আয়ারল্যান্ড। ইউরোপ মহাদেশের বরফে ঢাকা এক ছোট্টো দ্বীপ রাষ্ট্র। উত্তর আটলান্টিক মহাসাগরের সেই দ্বীপ রাষ্ট্রের লোকসংখ্যা তুলনামূলক খুবই কম। জনসংখ্যা বাড়াতে চায় দেশ। তাই এখানে বসতি স্থাপনের জন্য এক দারুণ অফার এনেছে আয়ারল্যান্ড সরকার। আর সেখানে বসবাস করলে মিলবে ৭১ লক্ষ টাকা। চলুন তাহলে এই চমৎকার পরিকল্পনা সম্পর্কে জেনে নেওয়া যাক। (All photo credit: pexels.com)

**এই প্রকল্পের অধীনে মিলবে ৭১ লক্ষ টাকা**

ইউরো নিউজ-এর খবর অনুযায়ী, এই নয়া পরিকল্পনাটি হল সেদেশের "আর লিভিং আইল্যান্ড" নীতির অংশ। এর নীতি প্রয়োগে আইরিশ সরকার তার দ্বীপগুলির জনসংখ্যা বাড়াতে চায়। সরকার জানিয়েছে যে, "এই নীতির উদ্দেশ্য হল এখানকার দ্বীপগুলিকে সমৃদ্ধ করা। পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে ৩০টি দ্বীপ। এই দ্বীপগুলি একে অপরের সঙ্গো কোনও সেতু দ্বারা সংযুক্ত নয়, এবং এগুলির কাছাকাছি কোনও উপকূলও নেই। সরকার এখানে নতুন বাসিন্দাদের বসতি স্থাপনের সুযোগ দিচ্ছে। এবং এখানে বসতি স্থানের জন্য মিলবে ৭১ লক্ষ টাকা। এই প্রকল্পের উদ্দেশ্য হল, দ্বীপগুলির পরিত্যক্ত প্রাকৃতিক সম্পদের ব্যবহার এবং পুনর্বাসন।

**কবে থেকে শুরু হবে এই আবেদন প্রক্রিয়া**

সেখানে থাকতে গেলে বাসিন্দাদের ওই দ্বীপগুলিতে একটি সম্পত্তি কিনতে হবে। শর্ত, সেই সম্পত্তি যেন ১৯৯৩ সালের আগে নির্মিত হয় এবং সেটি যেন কমপক্ষে দুই বছর ধরে খালি পড়ে থাকে। প্রকল্পের অধীনে প্রদত্ত তহবিল গৃহ নির্মাণের কাজে ব্যবহার করা যেতে পারে। সেই টাকা ব্যবহার হতে পারে সংস্করণ, কাঠামোগত উন্নতি এবং সজ্জার জন্য। কেউ যদি এই দ্বীপগুলিতে যেতে আগ্রহী হন, তাহলে আবেদন করতে পারেন। আবেদন প্রক্রিয়া শুরু হবে ১ জুলাই থেকে।

**আয়ারল্যান্ড দেখার সেরা সময়**

কেউ যদি আয়ারল্যান্ড ভ্রমণের পরিকল্পনা করে থাকেন তাহলে এই সময় যাওয়াই ভালো। মানে আয়ারল্যান্ড দেখার সেরা সময় হল, জুন, জুলাই এবং অগাস্ট। শীতকালে আয়ারল্যান্ড দেখতে চাইলে জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাস নাগাদ যান। আর আয়ারল্যান্ডের বসন্ত দেখতে চাইলে এপ্রিল মাস সেরা।

আয়ারল্যান্ড, ডাবলিন, শ্যানন, কর্ক এবং আয়ারল্যান্ড ওয়েস্টে চারটি আন্তর্জাতিক বিমানবন্দর রয়েছে। ডাবলিন মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, মহাদেশীয় ইউরোপ এবং মধ্যপ্রাচ্যের বেশিরভাগ প্রধান শহরগুলির সঙ্গে সংযুক্ত।

# প্রধান নির্বাচক হওয়া প্রসঙ্গে মুখ খুললেন শেবাগ

**স্পোর্টস ডেস্ক :** ভারতীয় ক্রিকেট দলের সাবেক প্রধান নির্বাচক চেতন শর্মার বিদায়ের পর নতুন কাউকে নিয়োগ দেয়নি বিসিসিআই। আগামী ৩০ জুন পর্যন্ত প্রধান নির্বাচক পদে আবেদন করা যাবে। এর মাঝেই ভারতীয় গণমাধ্যমে গুঞ্জন ছড়িয়ে পড়ে যে, সাবেক বিধ্বংসী ওপেনার বীরেন্দ্র শেবাগকে নাকি প্রধান নির্বাচক করার প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু তিনি তাতে রাজি হননি। এবার বিষয়টি নিয়ে মুখ খুললেন স্বয়ং শেবাগ। স্থানীয় এ ক সংবাদমাধ্যমকে শেবাগ বলেছেন, তাকে কোনো প্রস্তাবই দেওয়া হয়নি। রাজি হওয়া- না হওয়া তো পরের বিষয়।



গত ফেব্রুয়ারিতে একটি গণমাধ্যমের স্টিং অপারেশনের সামনে ক্রিকেটারদের নিয়ে বিভিন্ন মন্তব্য করে ফেঁসে গিয়েছিলেন চেতন শর্মা। এরপর তিনি পদত্যাগে বাধ্য হন। এরপর থেকে ভারপ্রাপ্ত প্রধান নির্বাচকের দায়িত্ব সামলাচ্ছেন শিবসুন্দর দাস। বিসিসিআই জানিয়েছে যে, ভারতের উত্তরাঞ্চল থেকে নির্বাচক নেওয়া হবে। ভারতের নির্বাচক হতে হলে অন্তত ৭টি টেস্ট বা ১০টি ওয়ানডে ম্যাচ বা অন্তত ৩০টি প্রথম শ্রেণির ম্যাচ খেলার অভিজ্ঞতা থাকতে হবে। অবসর গ্রহণের অন্তত পাঁচ বছর পর ক্রিকেটাররা এই পদের জন্য আবেদন করতে পারবেন। সেই নিয়ম অনুযায়ী চেতনও আবার আবেদন করতে পারবেন। যদিও তিনি সেটা করবেন না বলেই মনে করছে বোর্ড। ভারতের উত্তরাঞ্চলে হরভজন সিংহ, যুবরাজ সিংহ, গৌতম গম্ভীরের মতো ক্রিকেটারেরা আছেন। কিন্তু তাদের অবসরের পর এখনও পাঁচ বছর পূর্ণ হয়নি।

# রিয়ালে যোগ দিলেন সেবাইয়োস

**স্পোর্টস ডেস্ক :** রিয়াল মাদ্রিদের সঙ্গে দানি সেবাইয়োসের সম্পর্ক আরও দীর্ঘ হচ্ছে। স্প্যানিশ এই মিডফিল্ডারের সঙ্গে চুক্তির মেয়াদ বাড়িয়েছে ইউরোপের সফলতম ক্লাবটি। আগামী ২০২৭ সালের জুন পর্যন্ত সেবাইয়োসের সঙ্গে চুক্তি বাড়ানোর কথা শুক্রবার এক বিজ্ঞপ্তিতে জানায় রিয়াল। রিয়াল বেতিস থেকে ২০১৭ সালে ৬ বছরের চুক্তিতে মাদ্রিদের ক্লাবটিতে যোগ দেন সেবাইয়োস। মাঝে এই স্প্যানিয়ার্ডকে ধারে আর্সেনালে খেলতে পাঠায় রিয়াল। গত বছর সান্তিয়াগো বের্নাবেউয়ে ফিরে আসেন তিনি। চার মৌসুমে মাদ্রিদের দলটির হয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে ১২০ ম্যাচ খেলেছেন সেবাইয়োস। এই সময়ে মোট ১১টি শিরোপা জিতেছেন তিনি। যেখানে আছে দুটি চ্যাম্পিয়ন্স ট্রফি, একটি লা লিগা, তিনটি ক্লাব বিশ্বকাপ, দুটি করে উয়েফা সুপার কাপ ও স্প্যানিশ সুপার কাপ এবং একটি কোপা দেল রের শিরোপা। স্পেনের হয়ে ১৩টি ম্যাচ খেলেছেন সেবাইয়োস। অনূর্ধ্ব-১৯ ও অনূর্ধ্ব-২১ স্প্যানিশ দলের হয়ে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপও জিতেছেন ২৬ বছর বয়সী এই ফুটবলার।

# টেস্ট দল থেকে বাদ পুজারা ফিরলেন স্যামসন

**স্পোর্টস ডেস্ক :** দেড় বছরের মধ্যে দ্বিতীয়বার ভারতের টেস্ট দল থেকে বাদ পড়লেন চেতেশ্বর পুজারা। প্রথমবারের মতো এই সংস্করণে ডাক পেলেন রুতুরাজ গায়কোয়াড়, যাশাসবি জয়সওয়াল ও মুকেশ কুমার। আর ওয়ানডে দলে প্রায় সাত মাস পর ফিরলেন সাঞ্জু স্যামসন। ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) শুক্রবার বিবৃতিতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে আসন্ন টেস্ট ও ওয়ানডে সিরিজের দল ঘোষণা করে। রোহিত শর্মার নেতৃত্বাধীন দলে টেস্ট থেকে পুজারা ছাড়াও বাদ পড়েছেন পেসার উমেশ যাদব। বিশ্রাম দেওয়া হয়েছে আরেক পেসার মোহাম্মদ শামিকে। পেস বোলিং বিভাগে ফিরেছেন নবদিপ সাইনি। গত বছরের মার্চে শ্রীলঙ্কার বিপক্ষে দল থেকে বাদ পড়েন পুজারা। এরপর কাউন্টি ক্রিকেটে রানের ফোয়ারা ছুটিয়ে জুলাইয়ে ইংল্যান্ড সফরের একমাত্র টেস্টের দলে নিজের জায়গা ফিরে পান ৩৫ বছর বয়সী ব্যাটসম্যান। এরপর ৮ ম্যাচের ১৪ ইনিংসে ১ সেঞ্চুরি ও ৩ ফিফটিতে ৪০.১৬ গড়ে তার সংগ্রহ ৪৮২ রান। যা এই সময়ের মধ্যে ভারতের যে কোনো ব্যাটসম্যানের চেয়ে বেশি। তবু তাকে ছাড়াই ক্যারিবিয়ানদের বিপক্ষে খেলতে নামবে ভারত। পুজারা না থাকায় এই সিরিজে তিন নম্বরে দেখা যেতে পারে নতুন কাউকে। এই দৌড়ে নিশ্চিতভাবেই থাকছে দুই নতুন মুখ- জয়সওয়াল ও রুতুরাজের নাম। দুজনেরই প্রথম শ্রেণির পরিসংখ্যান ভালো। মুম্বাইয়ের হয়ে এখন পর্যন্ত ১৫ ম্যাচের ২৬ ইনিংসে ৯ সেঞ্চুরি ও ২ ফিফটিতে ৮০.২১ গড়ে ১ হাজার ৮৪৫ রান করেছেন জয়সওয়াল। আর মহারাষ্ট্রের হয়ে খেলা রুতুরাজ ২৮ ম্যাচে ৬ সেঞ্চুরি ও ৯ ফিফটিতে ৪২.১৯ গড়ে করেছেন ১ হাজার ৯৪১ রান। পরিসংখ্যানে এগিয়ে থাকা ছাড়াও বাঁহাতি হওয়ার কারণে হয়তো তিন নম্বরে অগ্রাধিকার পাবেন জয়সওয়াল। কারণ ইনিংস সূচনা করবেন দুই ডানহাতি রোহিত ও শুবমান গিল। জয়সওয়াল, রুতুরাজের মতো মুকেশও প্রথম শ্রেণির ক্রিকেটে দারুণ খেলেই ডাক পেয়েছেন জাতীয় দলে। বাংলার হয়ে এখন পর্যন্ত ৩৯ ম্যাচে তার শিকার ১৪৯টি। গত দুই মৌসুম ধরেই তিনি ভারত 'এ' দলের হয়ে নিয়মিত খেলছেন। এবার উমেশ ও শামির অবর্তমানে টেস্ট অভিষেকও হয়ে যেতে পারে তার। এখনও চোটের সঙ্গে লড়াই করতে থাকা জাসপ্রিত বুমরাহ, লোকেশ রাহুল ও শ্রেয়াস আইয়ারকে স্বাভাবিকভাবেই রাখা হয়নি দলে।





# বড় শাস্তির মুখে নেইমার

**স্পোর্টস ডেস্ক :** মাঠ বা মাঠের বাইরে কোনো জায়গাতেই সময়টা ভালো যাচ্ছে না ব্রাজিলিয়ানব তারকা নেইমারের। ইনজুরিতে পড়ে মাঠে নামতেই পারছেন না অনেকদিন হলো, এর মধ্যেই মাঠের বাইরে একের পর এক বিতর্কিত কান্ডের জন্ম দিয়ে চলেছেন নেইমার।

নতুন করে নিজের বাড়ির জন্য জরিমানার মুখে পড়ছেন নেইমার। ব্রাজিলের বাণিজ্যিক রাজধানী রিও ডি জেনেরিওর নিকটে নতুন একটি বিলাসবহুল বাড়ি বানাচ্ছিলেন নেইমার। পরিবেশ আইন লঙ্ঘনের অভিযোগে নেইমারের সেই বাড়ির কাজের ওপরই নিষেধাজ্ঞা দিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। বাড়িটির কাজ বন্ধের পাশাপাশি আইন ভঙ্গ করা এবং পরিবেশ পর্যবেক্ষণ কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বাড়ি তৈরি করায় নেইমার ও তার বাবাকে আইনি নোটিশও পাঠানো হয়েছে। ব্রিটিশ গণমাধ্যম রয়টার্সের এক প্রতিবেদনে জানানো হয়, নেইমার ও তার বাবার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য প্রমাণিত হলে দল লাখ ইউএস ডলার পর্যন্ত জরিমানা করা হতে পারে। রিও ডি জেনেরিওর মেয়র অফিস থেকে একটি বিবৃতি দিয়ে জানানো হয়, রিও ডি জেনিরো থেকে ১৩০ কিলোমিটার দূরে অবস্থিত নেইমারের বিলাসবহুল বাড়িতে পরিবেশ আইনের সঙ্গে সাংঘর্ষিক অনেক বিষয় তাদের নজরে এসেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত এক ভিডিওতে দেখা যায়, কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই বাড়ী তৈরিতে নদীর পানি ব্যবহার করা হচ্ছে।

এ ছাড়া পরিবর্তন করা হচ্ছে নদীর পানির প্রবাহ। অনুমতি ছাড়াই বাড়ি তৈরিতে ব্যবহার করা হচ্ছে সৈকতের বালি। রিও ডি জেনেরিওর মেয়র অফিসে বর্তমানে মূল্যায়ন করা হচ্ছে নেইমারের বিরুদ্ধে আনীত এসব অভিযোগ। সবগুলো অভিযোগ পূর্ণাঙ্গ মূল্যায়নের পরই নেইমারের বিরুদ্ধে চূড়ান্ত পদক্ষেপ নেওয়া হবে।



# টি-টোয়েন্টিতে মিডলসেক্সের রেকর্ড

**স্পোর্টস ডেস্ক :** অল্পের জন্য ওভারে ছয় ছক্কা মারতে পারলেন না উইল জ্যাকস। পরে থমকে গেলেন সেঞ্চুরির খুব কাছে গিয়ে। তবে লরি ইভান্সের সঙ্গে বিস্ফোরক জুটিতে তিনি সারেকে এনে দিলেন বিশাল সংগ্রহ। কিন্তু আড়াইশ ছাড়ানো রানকেও তেমন বড় মনে হতে দিলেন না স্টিভেন এসকিনাজি, ম্যাক্স হোল্ডেন, রায়ান হিগিংসরা। ব্যাটিং তান্ডবে তারা মিডলসেক্সকে এনে দিলেন রেকর্ড গড়া জয়। ইংল্যান্ডের ভাইটালিটি টি-টোয়েন্টি ব্লাস্টে বৃহস্পতিবার ৭ উইকেটের এই জয় পেয়েছে মিডলসেক্স। ওভালে বৃহস্পতিবার সারের ২৫২ রান তারা টপকে গেছে ৪ বল বাকি থাকতে। টি-টোয়েন্টি ব্লাস্টে এটাই সবচেয়ে বেশি রান তাড়া করে জয়ের কীর্তি। ইংল্যান্ডের এই ঘরোয়া টুর্নামেন্টে রান তাড়ায় আগের রেকর্ড মিডলসেক্সেরই ছিল। ২০১৯ সালে তারা সমারসেটের বিপক্ষে জিতেছিল ২২৬ রান তাড়ায়। এই জয়ে দীর্ঘ অপেক্ষার অবসান ঘটাল মিডলসেক্স। টুর্নামেন্টের গত আসর ও চলতি আসর মিলিয়ে টানা ১৪টি ম্যাচ হেরেছিল তারা। টি-টোয়েন্টি ব্লাস্টে টানা এত ম্যাচ হারের আর কোনো নজির নেই। অবশেষে রেকর্ড গড়ে জয়ের স্বাদ পেল দলটি। স্বীকৃত টি-টোয়েন্টি ক্রিকেটেই ২৫২ এর চেয়ে বেশি রান টপকে জয়ের রেকর্ড আছে আর স্রেফ একটি। গত মার্চে ওয়েস্ট ইন্ডিজের দেওয়া ২৫৯ রানের লক্ষ্যে ৭ বল বাকি থাকতেই জয়ের বন্দরে পৌঁছে যায় দক্ষিণ আফ্রিকা।

## বিনোদন



# কক্সবাজারে কী করছেন হানিফ সংকেত?

*বিনোদন ডেস্ক :* নন্দিত নির্মাতা-সঞ্চালক হানিফ সংকেত বরাবরই দেশের ঐতিহ্য-ইতিহাস আর দৃষ্টিনন্দন স্থানগুলো টিভি পর্দায় তুলে ধরার চেষ্টা করেন 'ইত্যাদি'র মাধ্যমে। এবার সেই রেশ মিলছে তার নির্মিত নাটকেও। জানা গেছে, এবার তিনি নাটক নির্মাণের জন্য উড়ে গেছেন পর্যটন নগরী কক্সবাজারে। নির্মাণ করেছেন ঈদের বিশেষ নাটক 'ভুল বোঝা আর ভুলের বোঝা'। এর অন্যতম তিন চরিত্রে অভিনয় করেছেন আবদুন নূর সজল, সারিকা সাবরিন ও শতাব্দী ওয়াদুদ। হানিফ সংকেত জানান, সামাজিক অবক্ষয়ের এই যুগে বিয়ে ভীতিতে আক্রান্ত যুবক ও যুবতীর ঝগড়া-বিবাদ, মান-অভিমান, রাগ-অনুরাগ ইত্যাদি নিয়ে গড়ে উঠেছে 'ভুল বোঝা আর ভুলের বোঝা' নাটকের কাহিনি। নাটকটির সূচনা সংগীতের কথা লিখেছেন মোহাম্মদ রফিকউজ্জামান, সংগীতায়োজনের পাশাপাশি এতে কণ্ঠ দিয়েছেন আকাশ মাহমুদ। নাটকটি প্রচার হবে এটিএন বাংলায় ঈদের দিন রাত ৮টা ৫০ মিনিটে।

# চমকে দিলেন রোম্যান্টিক নাসির উদ্দিন

**বিনোদন ডেস্ক :** ওটিটি দুনিয়ার সুবাদে মারকুটে অভিনেতা নাসির উদ্দিন খানকে এখন সবাই চেনেন। যিনি অভিনয়ে যেমন অনবদ্য, হিংস্রতায় ততোধিক। যার সর্বশেষ নজির মিলেছে ওয়েব সিরিজ 'মাইশেলফ অ্যালেন স্বপন'-এ। সেই মোড় থেকে বেরিয়ে ২২ জুন রাতে দারুণ চমকে দিলেন এই অভিনেতা। হাজির হলেন রোম্যান্টিক অবতারে। কণ্ঠে রাগাশ্রয়ী প্রেমময় গান, দৃষ্টিতে প্রেমিক চাহনি, সামনে তার নববধূ সাজে শবনম বুবলী। একেবারে অন্যরকম এক প্রেমময় দ্যোতনা ছড়িয়ে দিলেন বুঝি মন্দ চরিত্রের তুখোড় অভিনেতা নাসির উদ্দিন খান। গানটির নাম 'হৃদয় দিয়ে'। নির্মাতা চয়নিকা চৌধুরীর ঈদের সিনেমা 'প্রহেলিকা' আগেও আলোচনায় এসেছে গান দিয়ে। 'মেঘের নৌকা' নামের সেই গানে মুগ্ধ করেছেন মাহফুজ আহমেদ ও শবনম বুবলী। এবার 'হৃদয় দিয়ে' গানের মাধ্যমে নাসির উদ্দিন খানের সঙ্গে রসায়নে মজেছেন বুবলী! গানটির কথা লিখেছেন আসিফ ইকবাল।

# অবশেষে মুক্তি পেল 'মুজিব ভাই'

**বিনোদন ডেস্ক :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে নির্মিত অ্যানিমেশন চলচ্চিত্র 'মুজিব ভাই' মুক্তি পেয়েছে। এ উপলক্ষে শুক্রবার রাজধানীর সীমান্ত সম্ভারের স্টার সিনেপ্লেক্সে এর প্রিমিয়ার শো অনুষ্ঠিত হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক প্রিমিয়ার শো-এর উদ্বোধন করেন। ছিন্নমূল ও সুবিধাবঞ্চিত শিশু কিশোরদের বঙ্গবন্ধুকে নিয়ে এই সিনেমা দেখার সুযোগ তৈরি করে দেওয়া হয়। প্রিমিয়ার শো শেষে সাংবাদিকদের সাথে মত বিনিয়কালে প্রতিমন্ত্রী পলক বলেন, 'নতুন প্রজন্মের শিশু-কিশোর সহ সকলের কাছে কাছে বঙ্গবন্ধুর জীবনের গল্প পৌছে দেয়া আমাদের দায়িত্ব। তাদেরকে জানানোর জন্য অ্যানিমেশন চলচ্চিত্রের চেয়ে ভাল আর কোন মাধ্যম হতে পারে না। নির্মাতাগণ বঙ্গবন্ধুর ছেলেবেলা সম্পর্কে এ অ্যানিমেশন চলচ্চিত্রের মাধ্যমে সুনিপণভাবে তুলে ধরেছেন।' প্রতিমন্ত্রী আরো বলেন,'বলেন, বাবা-মায়ের আদরের খোকা কিভাবে বাংলার মানুষের কাছে মুজিব ভাই হয়ে উঠলেন, তাঁর জীবন সংগ্রাম এবং তাঁর বিজয়ের সারমর্ম তুলে ধরার চেষ্টা করা হয়েছে চলচ্চিত্রটিতে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের একজন ছাত্র হিসেবে কীভাবে মুজিব একজন নেতা হয়ে ওঠেন, জনমানুষের হৃদয়ে জায়গা করে নেন, রাজনৈতিকভাবে সফল হয়ে উঠলেন এবং বাংলাদেশের রূপকার হলেন। কীভাবে হয়ে উঠলেন সকলের মুজিব ভাই; এসকল বিষয়বস্তু হচ্ছে এই চলচ্চিত্রটির বিষয়।'





# ঈদ উপলক্ষে কোক স্টুডিও বাংলার নতুন চমক

**বিনোদন ডেস্ক :** 'মুড়ির টিন' দিয়ে শুরুটা বেশ জাঁকালো হয়েছিল। তবে এরপর কয়েকটি গান সেভাবে আলোড়ন তুলতে পারেনি। তবে সম্প্রতি সেই মলিনতা কাটিয়ে জমে উঠেছে 'কোক স্টুডিও বাংলা'র দ্বিতীয় সিজন। সাম্প্রতিক সময়ে প্রকাশ হওয়া 'দেওরা', 'নদীর কূল' কিংবা 'কথা কইয়ো না' গানগুলো শ্রোতাদের বিপুল সাড়া এবং প্রশংসা উভয়ই পেয়েছে। এবার ঈদ উপলক্ষে আসছে আয়োজনটির নতুন চমক। আর এই চমকের নাম ফুয়াদ আল মুক্তাদির। যিনি বাংলা গানে মডার্ন মিউজিকের অধ্যায়ের অন্যতম কাণ্ডারি। একবিংশ শতকের শূন্য দশকে তার সংগীতায়োজনে বহু গান শ্রোতাপ্রিয়তা পেয়েছে। 'কোক স্টুডিও বাংলা'র সূত্রে জানা গেলো, ভিন্ন ধাঁচের একটি গান তৈরি করেছেন ফুয়াদ। যেটাতে কণ্ঠ দিয়েছেন ভারতের মুর্শিদাবাদী খ্যাত সৌম্যদী শিকদার ও বাংলাদেশের তাসফিয়া ফাতিমা (তাশফি)। এর মধ্যে মুর্শিদাবাদীকে প্রথম সিজনে 'সব লোকে কয়' এবং তাশফিকে পাওয়া গেছে 'লীলাবালি' গানে। গানটি নিয়ে ফুয়াদ আল মুক্তাদিরের ছোট্ট বার্তা, 'আশা করি আপনারা আমার সঙ্গে থাকবেন। জানি না, কতটুকু পেরেছি; তবে তোমাদের ভালোবাসা আর দোয়া প্রয়োজন।'

# বিস্ফোরক অভিযোগ করলেন দর্শনা

**বিনোদন ডেস্ক :** 'লিপস্টিক' নামে একটি সিনেমায় অভিনয় করার কথা ছিল কলকাতার অভিনেত্রী দর্শনা বণিকের। সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ করে সেই খবর জানানো হয়েছিল। হুট করে নতুন খবর, ভিসা জটিলতার কারণে সিনেমাটি দর্শনা বদলে পূজা চেরি করেছেন। তবে এই সিনেমা থেকে বাদ পড়া প্রসঙ্গে বিস্ফোরক অভিযোগ নিয়ে এসেছেন দর্শনা বণিক। এই নায়িকার দাবি, চিত্রনাট্যকর আব্দুল্লাহ জহির বাবুর 'অনৈতিক' প্রস্তাবে সাড়া না দেওয়ায় বাদ পড়েছেন তিনি। দর্শনা বণিকের ভাষ্যটা এমন, 'আব্দুল্লাহ জহির বাবুর সঙ্গে ছবির বিষয়ে সবকিছু মৌখিকভাবে চূড়ান্ত হয় কয়েক মাস আগে। এরপর তারা এ বিষয়টি অ্যানাউন্স করে। এরপর তাদের গত মাসের শেষ দিকে কলকাতা এসে আমাকে সাইনিং করানোর কথা ছিল। কিন্তু তারা আমাকে কিছুই জানায়নি। এরপর ২৮ মে আমি মেসেজ দিয়েছিলাম আপডেট জানার জন্য। সেসময় তিনি আমাকে প্রযোজকের পক্ষ থেকে রিসোর্টে নিয়ে যাওয়ার প্রস্তাব দেন, যেটা আমি সরাসরি নাকচ করি।

# হাসপাতালে অভিনেত্রী তমা মির্জা

**বিনোদন ডেস্ক :** জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী তমা মির্জা অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। শুক্রবার ভোরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি হন তিনি। বিষয়টি অভিনেত্রী নিজেই জানিয়েছেন। জানা গেছে, বেশ কয়েকদিন টানা শুটিং ও সিনেমার প্রচারণায় অংশ নিয়ে অসুস্থ হয়ে পড়েন তমা মির্জা। এদিকে এবার ঈদে তার অভিনীত 'সুড়ঙ্গ' সিনেমা প্রেক্ষগৃহে মুক্তি পেতে যাচ্ছে। এরইমধ্যে সিনেমার গান ও ট্রেলার মুক্তি দেওয়া হয়েছে। 'সুড়ঙ্গ' সিনেমার মধ্য দিয়ে বড় পর্দায় অভিষেক হবে ছোট পর্দার জনপ্রিয় অভিনেতা আফরান নিশোর। সিনেমাটি পরিচালনা করেছেন রায়হান রাফী।

